খানকা শায়খ ড. মুশতাক আহমদ
ওয়াসা রোড, ছোট পাইটি চৌরাস্তা
ডেমরা (স্টাফ কোয়ার্টার) ঢাকা

যিকরুল্লাহ জাল্লা জালালুহু

মুরিদ ও সালেকীনের জন্য দিল বানানোর লক্ষ্যে
খানকার নেসাব পুস্তক নং ০৩

যিকরের মধ্যে
মনের বিভিন্ন কাইফিয়্যাত

প্রকাশক

মাওলানা নাসিফ আহমাদ নামুস
শিক্ষক, জামিয়া শায়খ যাকারিয়্যা, কাঁচকুড়া, উত্তরখান, ঢাকা
মোবাইল ঃ ০১৭৭২০৪৭৭৪১

خذ بلطفك ياالهى من له زاد قليل
مفلسا بالصدق يأتى عند بابك يا جليل
ذنبه ذنب عظيم فاغفر الذنب العظيم
انه شخص غريب مذنب عبد ذليل
منى عصيان ونسيان وسهو بعد سهو
منك احسان وفضل بعد اعطاء جزيل
طال يا رب ذنوبي مثل رمل لا تعد
فاعف عنى كل ذنب فاصفح الصفح الجميل
قل لنار ابردى يا رب فى حقى كما
قلت يانار كونى انت فى حق الخليل
كيف حالى يا الهى ليس لى خير العمل
سوء اعمالى كثير زاد وطاعتى قليل
انت شافى انت كافى فى مهمات الامور
انت حسبى انت ربي انت لى نعم الوكيل
عافنى من كل داء واقض عنى حاجتى
ان لى قلبا سقيما انت من يشف العليل
هب لنا ملكا كبيرا نجنا مما نخاف
ربنا اذ انت قاض والمنادى جبرئيل
رب هب لى كنز فضل انت وهاب كريم
اعطنى ما فى ضميرى دلنى خير الوكيل

الحمد لله رب العلمين والصلاة والسلام على سيد الانبياء والمرسلين وعلى أله واصحابه اجمعين اما بعد

قال الله تبارك وتعالى فِي بُيُوتٍ أَذِنَ اللَّهُ أَن تُرْفَعَ وَيُذْكَرَ فِيهَا اسْمُهُ يُسَبِّحُ لَهُ فِيهَا بِالْغُدُوِّ وَالآصَالِ ۚ رِجَالٌ لّا تُلْهِيهِمْ تِجَارَةٌ وَلا بَيْعٌ عَن ذِكْرِ اللَّهِ وَإِقَامِ الصَّلاةِ وَإِيتَاء الزَّكَاةِ ۚ يَخَافُونَ يَوْمًا تَتَقَلَّبُ فِيهِ الْقُلُوبُ وَالأَبْصَارُ ۚ لِيَجْزِيَهُمُ اللَّهُ أَحْسَنَ مَا عَمِلُوا وَيَزِيدَهُم مِّن فَضْلِهِ وَاللَّهُ يَرْزُقُ مَن يَشَاء بِغَيْرِ حِسَابٍ ۚ

وقال تعالى أَفَمَن شَرَحَ اللَّهُ صَدْرَهُ لِلإِسْلامِ فَهُوَ عَلَى نُورٍ مِّن رَّبِّهِ ۚ فَوَيْلٌ لِّلْقَاسِيَةِ قُلُوبُهُم مِّن ذِكْرِ اللَّهِ ۚ أُوْلَئِكَ فِي ضَلالٍ مُبِينٍ ۚ اللَّهُ نَزَّلَ أَحْسَنَ الْحَدِيثِ كِتَابًا مُّتَشَابِهًا مَّثَانِيَ ۚ تَقْشَعِرُّ مِنْهُ جُلُودُ الَّذِينَ يَخْشَوْنَ رَبَّهُمْ ثُمَّ تَلِينُ جُلُودُهُمْ وَقُلُوبُهُمْ إِلَى ذِكْرِ اللَّهِ ۚ ذَلِكَ هُدَى اللَّهِ يَهْدِي بِهِ مَنْ يَشَاء وَمَن يُضْلِلْ اللَّهُ فَمَا لَهُ مِنْ هَادٍ ۚ

لِّلَّهِ مَا فِي السَّمَاوَاتِ وَمَا فِي الأَرْضِ وَإِن تُبْدُواْ مَا فِي أَنفُسِكُمْ أَوْ تُخْفُوهُ يُحَاسِبْكُم بِهِ اللَّهُ فَيَغْفِرُ لِمَن يَشَاء وَيُعَذِّبُ مَن يَشَاء وَاللَّهُ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ آمَنَ الرَّسُولُ بِمَا أُنزِلَ إِلَيْهِ مِن رَّبِّهِ وَالْمُؤْمِنُونَ كُلٌّ آمَنَ بِاللَّهِ وَمَلائِكَتِهِ وَكُتُبِهِ وَرُسُلِهِ لاَ نُفَرِّقُ بَيْنَ أَحَدٍ مِّن رُّسُلِهِ وَقَالُواْ سَمِعْنَا وَأَطَعْنَا غُفْرَانَكَ رَبَّنَا وَإِلَيْكَ الْمَصِيرُ لاَ يُكَلِّفُ اللَّهُ نَفْسًا إِلاَّ وُسْعَهَا لَهَا مَا كَسَبَتْ وَعَلَيْهَا مَا اكْتَسَبَتْ رَبَّنَا لاَ تُؤَاخِذْنَا إِن نَّسِينَا أَوْ أَخْطَأْنَا رَبَّنَا وَلاَ تَحْمِلْ عَلَيْنَا إِصْرًا كَمَا حَمَلْتَهُ عَلَى

الَّذِينَ مِن قَبْلِنَا رَبَّنَا وَلاَ تُحَمِّلْنَا مَا لاَ طَاقَةَ لَنَا بِهِ وَاعْفُ عَنَّا وَاغْفِرْ لَنَا وَارْحَمْنَا أَنتَ مَوْلاَنَا فَانصُرْنَا عَلَى الْقَوْمِ الْكَافِرِينَ

إِنَّ فِي خَلْقِ السَّمَاوَاتِ وَالأَرْضِ وَاخْتِلاَفِ اللَّيْلِ وَالنَّهَارِ لآيَاتٍ لِّأُولِي الألْبَابِ الَّذِينَ يَذْكُرُونَ اللّهَ قِيَامًا وَقُعُودًا وَعَلَىَ جُنُوبِهِمْ وَيَتَفَكَّرُونَ فِي خَلْقِ السَّمَاوَاتِ وَالأَرْضِ رَبَّنَا مَا خَلَقْتَ هَذا بَاطِلاً سُبْحَانَكَ فَقِنَا عَذَابَ النَّارِ رَبَّنَا إِنَّكَ مَن تُدْخِلِ النَّارَ فَقَدْ أَخْزَيْتَهُ وَمَا لِلظَّالِمِينَ مِنْ أَنصَارٍ رَّبَّنَا إِنَّنَا سَمِعْنَا مُنَادِيًا يُنَادِي لِلإِيمَانِ أَنْ آمِنُواْ بِرَبِّكُمْ فَآمَنَّا رَبَّنَا فَاغْفِرْ لَنَا ذُنُوبَنَا وَكَفِّرْ عَنَّا سَيِّئَاتِنَا وَتَوَفَّنَا مَعَ الأبْرَارِ رَبَّنَا وَآتِنَا مَا وَعَدتَّنَا عَلَى رُسُلِكَ وَلاَ تُخْزِنَا يَوْمَ الْقِيَامَةِ إِنَّكَ لاَ تُخْلِفُ الْمِيعَادَ

إِنِّى وَجَّهْتُ وَجْهِىَ لِلَّذِى فَطَرَ ٱلسَّمَٰوَٰتِ وَٱلْأَرْضَ حَنِيفًاوَمَآ أَنَا مِنَ ٱلْمُشْرِكِينَ

إِنَّ صَلَاتِي وَنُسُكِي وَمَحْيَايَ وَمَمَاتِي لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ لَا شَرِيكَ لَهُ ۖ وَبِذَٰلِكَ أُمِرْتُ وَأَنَا أَوَّلُ الْمُسْلِمِينَ

فَوَلِّ وَجْهَكَ شَطْرَ الْمَسْجِدِ الْحَرَامِ وَحَيْثُ مَا كُنتُمْ فَوَلُّوا وُجُوهَكُمْ شَطْرَهُ

وَلِلَّهِ الْمَشْرِقُ وَالْمَغْرِبُ ۚ فَأَيْنَمَا تُوَلُّوا فَثَمَّ وَجْهُ اللَّهِ ۚ إِنَّ اللَّهَ وَاسِعٌ عَلِيمٌ

কাঁদো কাঁদো কণ্ঠে নিম্মোক্ত কবিতা পড়ুন;

الٰهی تیرے چوکھٹ پر بھکاری بنکے آیا ہوں
سراپا فقر ہے عجز وندامت ساتھ لایا ہوں

এলাহী তেরে চৌকাঠ পর ভিখারী বনকে আয়া হুঁ,
ছারাপা ফকর হ্যায় ইজয ও নাদামত ছাথ লায়া হুঁ

বাংলা অর্থ ঃ ওগো প্রভু পরওয়ারদেগার! আমি তোমার গৃহের দুয়ারের সামনে ভিক্ষুক সেজে হাজির হয়ে গেলাম। আমার আপাদমস্তক শুধু (গুনাহ আর গুনাহ) অনটন আর অনটন। বড় অক্ষমতা ও অনুতাপ মন নিয়ে হাজির হইলাম। (আমাকে কবূল ফরমাও। মাবূদ!)

بھکاری وہ جسکے پاس نہ جھولی ہے نہ پیالا
بیکار جسے اپنے حرص وہوی نے مار دالا
ভিখারী ওহ জিছকে পাছ না ঝুলি হ্যায় না পিয়ালা
বেগার জেছে আপনা হিরছ ও হাওয়া নে মার ঢালা।

বাংলা অর্থ ঃ আমি এমন ভিক্ষুক যার কাছে ভিক্ষা চাওয়ার ঝুলিটুকুও নেই, পাত্রটুকুও নেই। আমি সম্পূর্ণ অযোগ্য, অপদার্থ; যাকে নিজ নফসের লোভ ও লালসার আক্রমন সম্পূর্ণভাবে নিঃস্ব ও ধ্বংস করে রেখেছে। (ওগো প্রভূ! আমার প্রতি রহম ফরমাও। মাবূদ!)

قُلْ يَا عِبَادِيَ الَّذِينَ أَسْرَفُوا عَلَىٰ أَنفُسِهِمْ لَا تَقْنَطُوا مِن رَّحْمَةِ اللَّهِ ۚ إِنَّ اللَّهَ يَغْفِرُ الذُّنُوبَ جَمِيعًا ۚ إِنَّهُ هُوَ الْغَفُورُ الرَّحِيمُ

বাংলা অর্থ ঃ (ওহে পয়গাম্বর! আমার গুনাহগার বান্দাদের এ মর্মে) ঘোষণা শুনিয়ে দাও; হে আমার সে সব বান্দা যারা তোমরা গুনাহ খাতার দ্বারা নিজেদের উপর অবিচার করে ফেলেছো তোমরা - আল্লাহর রহমত থেকে নিরাশ হয়ো না। (তোমরা যথাযথ ভাবে তওবা করলে) আল্লাহ সমূদয় গুনাহ মাফ করে দিবেন। তিনি তো ক্ষমাশীল ও পরম দয়ালু। (সূরা যুমার, আয়াত ৫৩)

কাজেই তওবার নিয়্যতে মনে মনে খুব শরমিন্দা হয়ে নিম্মোক্ত কবিতা পড়ুন;

چھوڑ دی کشتی میری رحمت کے دریا دیکھکر
آپڑا ہوں درپہ تیرے رحمت کے سایہ دیکھکر

ছোড় দি কিশতী মেরী রহমত কে দরইয়া দেখ কর
আ পড়া হুঁ দারপে তেরে রহমত কে ছায়া দেখ কার।

বাংলা অর্থ ঃ (ওগো মাওলা! ওগো পাক পরওয়াদেগার) আমি আমার জীবনতরী ছেড়ে দিলাম তোমার দয়া ও মেহেরবানীর মহাসমূদ্র দেখে। আমি (তওবা করে) হাজির হয়ে গেলাম তোমার দুয়ারে, তোমার অফুরন্ত দয়ার ছায়া দেখে। (আমাকে নিরাশ করো না মাবূদ! আমাকে কবূল ফরমাও মাবূদ!)

ہر طرف سے ہوکے ہم خار وتباہ
آپڑے اب تیرے در پہ یا الہ

হার তরফ ছে হোকে হাম খার ও তাবাহ
আ পড়ে আব তেরে দারপে ইয়া এলাহ!

বাংলা অর্থ ঃ (ওগো মাওলা! ওগো পাক পরওয়াদেগার) আমি (আমার গুনাহের কারণে) রহমতের সব জায়গা থেকে বঞ্চিত ও বরবাদ হয়ে আছি, তাই এখন লজ্জিত হয়ে হাজির হয়ে গেলাম তোমারই দুয়ারে; ওগো মাবূদ! (আমাকে আর বঞ্চিত করো না মাবূদ! আমাকে কবূল ফরমাও মাবূদ!)

گرچہ یا رب ہم سراپا ہے برے
اب تو لیکن آپڑے در پر تیرے

গার চে ইয়া রাব হাম ছারাপা হ্যায় বুরে
আব তো লেকিন আ পড়ে দার পর তেরে।

বাংলা অর্থ ঃ (ওগো মাওলা! ওগো পাক পরওয়াদেগার) প্রভূ ওহে! যদিও আমি আপাদমস্তক গুনাহগার; কিন্তু (আমি তো তোমারই সৃষ্টি, তোমারই

বান্দা,) এখন তো আমি খাঁটি মন নিয়ে তাওবা করে তোমার সমীপে চলে আসলাম। (তাই আমাকে কি একটু দয়া করবে না মাবূদ!)

০৮. তারপর মন ভরে দুরূদ শরীফ পড়ে হামদ ও সালাত সহ নিম্মোক্ত দুআয়ে তাওয়াচ্ছুল পেশ করুন ঃ

صد ہزاراں شکر تیرا اے میرے پروردگار
لطف تیرا بے کراں وفضل تیرا بے شمار

ছদ হাজারাঁ শোক্‌র তেরা আয় মেরে পরওয়ারদেগার
লুৎফ তেরা বে কারানো ফযল তেরা বে শুমার।

বাংলা অর্থ ঃ (ওগো মাওলা! ওগো রাহমান! ওগো রাহীম!) আমি গুনাহগার, আমি শত সহস্র শোকর আদায় করছি তোমার, হে আমার প্রভু পরওয়ারদিগার! আমার প্রতি তোমার মেহেরবানী অফুরন্ত ও তোমার দয়া ও মায়া অসীম অগনিত।

درود و سلام بے حد ہمارا
میرے ماں وباپ ان پر فدا ہو

দুরূদ ও ছালাম বে হদ হামারা
মেরে মা ও বাপ উন পর ফেদা হো

বাংলা অর্থ ঃ ওগো মাওলা! আমাদের পক্ষ থেকে অসংখ্য অগনিত দুরূদ ও ছালামের হাদিয়া পেশ করছি তাঁর প্রতি। তাঁর স্বার্থে উৎসর্গিত আমার পিতা- মাতা।

میرے جان واموال واولاد سب کچھ
فدائے غبار در مصطفی ہو

মেরে জানো আমওয়ালো আওলাদ ছব কুচ

ফেদায়ে গিবারে দারে মুস্তফা হো

বাংলা অর্থ ঃ ওগো মাওলা! আমার জীবন, আমার ধন-সম্পদ, আমার সন্তান সন্তুতি, আমার সব কিছু (মদীনার বাদশা, সরওয়ারে কায়েনাত, ফখরে মওজুদাত, আকায়ে দোজাহাঁ, হযরত মুহাম্মদ) মুস্তফা ছাল্লাল্লাহু আলাইহি ওয়া ছাল্লামের দুয়ারের সামান্য ধুলিকনার স্বার্থে হোক উৎসর্গিত।

اے خدائے پاک رب بے نیاز

اپنے بندوں کا ہے توہی کارساز

আয় খোদায়ে পাকে রাব্বে বে নেয়ায
আপনে বান্দুঁ কা হ্যায় তূহী কারেছায

বাংলা অর্থ ঃ ওগো মাওলা! ওগো আমার লালন- পালনকারী রাব্ব, ওগো মানবীয় সকল দুর্বলতার উর্ধে অবস্থিত পবিত্র সত্তা! ওগো পাক মেহেরবান! তোমার কোন শরীক নেই। নিজ বান্দাদের জন্য তুমিই তো একমাত্র কর্মসম্পাদনকারী, সকল সমস্যার একমাত্র সমাধানকারী। (দয়া করে তুমি আমার কলবকে পাক পবিত্র বানিয়ে দাও)

صدقہ تیرے رحمت زخار کا

صدقہ تیرے سید الابرار کا

ছাদকা তেরে রহমতে যাখখার কা
ছাদকা তেরে ছায়্যিদুল আবরার কা

বাংলা অর্থ ঃ ওগো মাওলা! আমি তোমার সমীপে তোমারই রহমতের অফুরন্ত মহাভাণ্ডারের উসীলা পেশ করছি, আমি তোমার সমীপে আরো উসীলা পেশ করছি তোমারই (প্রিয় হাবীব, আমাদের আকা, আখেরী নবী) ছায়্যিদুল আবরার (মুহাম্মাদুর রাছূলুল্লাহ) ছাল্লাল্লাহু আলাইহি ওয়াছাল্লামের। (দয়া করে আমার কলবকে তুমি পাক পবিত্র বানিয়ে দাও)

صدقہ سب اصحاب کا اور آل کا
صدقہ کل اقطاب کا ابدال کا

ছাদকা ছব আছহাব কা আউর আল কা
ছাদকা কুল আকতাব কা আবদাল কা

বাংলা অর্থ ঃ ওগো মাওলা! আমি তোমার সমীপে তোমার প্রিয় পয়গাম্বরের সকল ছাহাবায়ে কিরাম এবং সকল আহলে বাইতের (পয়গাম্বরের পরিবার সদস্যমণ্ডলীর) উসীলা পেশ করছি, আমি তোমার সমীপে সর্বকালের সকল ওলী আউলিয়া গাওস কুতুব ও আবদালের উসীলা পেশ করছি। (দয়া করে আমার কলবকে তুমি পাক পবিত্র বানিয়ে দাও)

صدقہ اس امت کے ہر نباض کا
صدقہ میرے مرشد مشتاق کا

ছাদকা ইছ উম্মত কে হার নাব্বায কা
ছাদকা মেরে মুরশিদে মুশতাক কা

বাংলা অর্থ ঃ ওগো মাওলা! আমি তোমার সমীপে এই উম্মতে মুহাম্মদীর সকল রূহানী চিকিৎসক (পীর ও মাশায়েখ)দের উসীলা পেশ করছি, আমি তোমার সমীপে তোমার প্রিয় বান্দা আমার (পীর ও মুরশিদ হযরত শায়খ ড.) মুশতাক আহমদ দামাত বারাকাতুহুমের উসীলা পেশ করছি। (দয়া করে আমার কলবকে তুমি পাক পবিত্র বানিয়ে দাও)

এবার বারো তাসবীহ আদায়ের দুআ পড়ুন। দুআ নিম্নরূপ;

اَللّٰهُمَّ طهر قلبي عن غيرك ونور قلبي بنور معرفتك ابدا
يا الله يا الله يا الله

(আল্লাহুম্মা তাহ্হির কালবী আন গাইরিক, ওয়া নাব্বির কালবী বিনূরি মা'রিফাতিকা আবাদান, ইয়া আল্লাহু ইয়া আল্লাহু ইয়া আল্লাহ)

বাংলা অর্থ ঃ আয় আল্লাহ! আয় আল্লাহ! আয় আল্লাহ! দয়া করে আমার কলবকে তুমি পবিত্র করে দাও। আর আমার কলবকে তোমার মারিফাতের নূর দ্বারা আলোকিত বানিয়ে দাও। আমীন।

পবিত্র কুরআন থেকে আয়াত পড়ুন ও দুআ করে বলুন;

اهدِنَا الصِّرَاطَ الْمُسْتَقِيمَ صِرَاطَ الَّذِينَ أَنْعَمْتَ عَلَيْهِمْ ۚ
مِّنَ النَّبِيِّينَ وَالصِّدِّيقِينَ وَالشُّهَدَاءِ وَالصَّالِحِينَ ۚ وَحَسُنَ أُولَٰئِكَ رَفِيقًا

বাংলা অর্থ ঃ হে আল্লাহ! আমাদেরকে সরল পথের হিদায়েত নসীব ফরমাও। সে সব মানুষের পথ যাদেরকে তুমি অনুগ্রহ দান করেছো। (সূরা ফাতিহা, আয়াত ৫-৬) অর্থাৎ যুগে যুগে বিগত নবী, সিদ্দীক, শহীদ ও ওলী আউলিয়াদের চলাপথে আমাদের পরিচালিত করো। আর তাঁরা কত উত্তম সঙ্গী। (সূরা নিসা, আয়াত ৬৯)

تجھے ڈھونڈھتا ہوں تجھے ڈھونڈھتا ہوں
تیرے راہ کدھر ہے بتا دے خدایا

তুঝে ঢূন্ঢতা হোঁ তুঝে ঢূন্ঢতা হোঁ
তেরে রাহ্ কিধার হ্যায় বাতা দে খোদায়া।

বাংলা অর্থ ঃ প্রভূ ওহে! আমি তোমাকে তালাশ করছি, আমি তোমাকে তালাশ করছি। তোমাকে পাওয়ার পথ কোনদিকে দয়া করে আমাকে বলে দাও।

بتا ہم کو تیرے راہ کس طرف ہے

تیرے راہ پر چلا ہم کو خدایا

বাতা হামকো তেরে রাহ্ কিছ তরফ হ্যায়
তেরে রাহ্ পর চালা হামকো খোদায়া।

বাংলা অর্থ ঃ প্রভূ ওহে! আমাকে বলে দাও তোমাকে পাওয়ার পথ কোন দিকে? দয়া করে তোমাকে পাওয়ার পথে আমাকে পরিচালনা করো।

ہوا و حرص والا دل بدل دے

میرے غفلت میں ڈوبا دل بدل دے

হাওয়া ও হেরছওয়ালা দিল বদল দে
মেরে গাফলত মে ডুবা দিল বদল দে

বাংলা অর্থ ঃ মাবূদ! রিপু ও লোভে আক্রান্ত আমার মনকে পরিবর্তিত (সুস্থ) করে দাও। উদাসীনতায় নিমর্জিত আমার মনকে পরিবর্তিত করে দাও।

بدل دے دل کی دنیا دل بدل دے

خدایا فضل فرما دل بدل دے

বদল দে দিল কী দুনিয়া দিল বদল দে
খোদায়া ফযল ফরমা দিল বদল দে

বাংলা অর্থ ঃ মাবূদ! আমার মনন জগৎকে তুমি পরিবর্তিত করে দাও। ওগো খোদা! আমার প্রতি দয়া প্রদর্শন করো, আমার মন পরিবর্তিত করে দাও।

دل مغموم کو مسرور کر دے

دل بے نور کو پر نور کر دے

দিলে মাগমূম কো মাছরূর কার দে

দিলে বে নূর কো পুরনূর কার দে

বাংলা অর্থ ঃ মাবূদ! আমার নিরানন্দ মনকে প্রফুল্ল করে দাও, আমার নূর বঞ্চিত মনকে নূরে পরিপূর্ণ করে দাও।

فیروزاں دل میں شمع طور کر دے
یہ گوشہ نور سے بھرپور کر دے

ফিরোযাঁ দিল মে শাময়ে তূর কার দে
ইয়ে গুশা নূর ছে ভরপুর কার দে

বাংলা অর্থ ঃ মাবূদ! আমার অন্ধকারাচ্ছন্ন মনের ভিতর তূর পাহাড়ের আলোক বর্তিকা জ্বালিয়ে দাও, মনের এই কুঠরিকে আলো দিয়ে ভরে দাও।

ہے میرے گھات میں خود نفس میرا
خدایا اسے بے مقدور کر دے

হ্যায় মেরে ঘাত মে খোদ নাফস মেরা
খোদায়া উছে বে মাকদূর কার দে

বাংলা অর্থ ঃ মাবূদ! আমাকে আঘাত করে ফেলে দেওয়ার জন্য দুয়ারে গোপনভাবে দাঁড়িয়ে আছে আমারই নফস। মাবূদ! দয়া করে তুমি তাকে শক্তিহীন করে দাও।

مئے وحدت پلا مخمور کر دے
محبت کے نشہ میں جور کر دے

মায়ে ওয়াহদাত পিলা মাখমূর কার দে
মুহাব্বত কে নেশা মে চুর কার দে

বাংলা অর্থ ঃ মাবূদ! আমাকে তোমার একত্ববাদের শরাব পানে মুগ্ধ করে দাও। তোমার প্রতি শ্রদ্ধা ও ভালবাসার আগুনে চুরমার করে দাও।

میرے ظاہر سنور جائے الٰہی
میرے باطن کی ظلمت دور کر دے

মেরে জাহির ছানওয়ার জায়ে এলাহী
মেরে বাতিন কী জুলমত দূর কার দে

বাংলা অর্থ ঃ মাবূদ! আমার বাহ্য জীবন যেন সজ্জিত হয়ে যায় (সুন্নাতে নববীর আদলে) আর আমার অন্তর্জগৎ থেকে যেন বিদূরীত হয়ে যায় সকল অন্ধকার।

قلب ذاکر دے مجھے اور رونے والی آنکھ دے
تا کہ میں روتا رہوں تیرے رضا کے واسطے

কালবে যাকির দে মুঝে আউর রোনে ওয়ালী আঁখ দে
তা কে মাঁয় রোতা রাহোঁ তেরে রেযা কে ওয়াস্তে

বাংলা অর্থ ঃ মাবূদ! আমাকে যিকরকারী কলব দান ফরমাও এবং তোমার কাছে রোনাজারীতে মশগুল থাকার চোখ দান করো। যেন আমি তোমার সমীপে রোনাজারী করে করে তোমার সন্তুষ্টি অর্জণ করে নিতে সক্ষম হই।

شادی و غم کے دو عالم سے مجھے آزاد کر
اپنے درد و غم سے یارب دل کو میرے شاد کر

শাদী ও গম কে দো আলম ছে মুঝে আযাদ কার
আপনে দরদ ও গম ছে ইয়া রাব্ব দিল কো মেরে শাদ কার

বাংলা অর্থ ঃ মাবূদ! আমাকে দোজাহানের সকল সুখ দুঃখের শৃংখল থেকে বিমুক্ত করে দাও। তোমাকে খুজে পাওয়ার অনাবিল আকাঙ্খা ও আগ্রহ দ্বারা আমাকে উল্লসিত করে দাও।

مال ودولت کی طلب عزت نہ سرداری مجھے
اپنے کوچہ کی عطا کر ذلت وخاری مجھے

মাল ও দৌলত কী তলব ইজ্জত না ছরদারী মুঝে
আপনে কূচা কী আতা কার যিল্লত ও খারী মুঝে

বাংলা অর্থ ঃ মাবূদ! জাগতিক ধন সম্পদের পাগল কিংবা মান সম্মানের পাগল আমি হতে চাই না। আমি তাবৎ অপমান অপদস্ততা সহ্য করেও তোমার পথের সন্ধানী হয়ে থাকতে চাই।

نہ خواہم خوبیٔ دنیا نہ خواہم راحت عقبی
اگر خواہم ترا خواہم نہ خوان باغ رضواں را

না খাহাম খোবিয়ে দুনিয়া না খাহাম রাহাতে উকবা
আগার খাহাম তোরা খাহাম না খাহাম বাগে রিদওয়াঁ রা

বাংলা অর্থ ঃ মাবূদ! আমি না নশ্বর জগতের আনন্দ চাই, না পরলোকের ফুর্তি চাই; আমি চাই তো তোমাকেই পেতে চাই, রিদওয়ান ফেরেশতার জান্নাতের প্রতিও আমার আকর্ষণ নেই।

দুরূদে ইবরাহীম পাঠ করুন ঃ

اللّٰهُمَّ صَلِّ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ، كَمَا صَلَّيْتَ عَلَى إِبْرَاهِيمَ، وَعَلَى آلِ إِبْرَاهِيمَ
إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ اللّٰهُمَّ بَارِكْ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّد، كَمَا بَارَكْتَ عَلَى إِبْرَاهِيمَ
وَعَلَى آلِ إِبْرَاهِيمَ ، إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ

ساحل سے لگا دے میرے عشق کا سفینہ
آنکھوں سے دکھا دے مجھے مکہ و مدینہ

ছাহেল লাগা দে মেরে ইশক কা ছফীনা
আঁখুঁ ছে দেখা দে মুঝে মক্কা ও মদীনা

বাংলা অর্থ ঃ মাবূদ! সৈকতের সাথে যুক্ত করে দাও আমার প্রেমের (ভাঙ্গা) তরী। জাহেরী চোখে যিয়ারতের তাওফীক দাও আমাকে পবিত্র মক্কা ও মদীনা।

الٰھی دکھا دے مدینہ کیسے بستی ہے
جھاں پر رات و دن مولی تیرے رحمت برستی ہے

এলাহী দেখা দে মদীনা কেয়ছী বস্তী হ্যায়
জাহাঁ পর রাত দিন মাওলা তেরী রহমত বরছতী হ্যায়

বাংলা অর্থ ঃ মাবূদ এলাহী! মদীনা মুনাওয়ারার শহর যিয়ারত করতে তাওফীক দাও, যেখানে মাওলা নিরন্তর বরিষণ ঘটে তোমার রহমতের দিনরাত।

دل میرا تسخیر کیا یک عربی نے
مکی و مدنی و ہاشمی و مطلبی نے

দিল মেরা তাছখীর কিয়া এক আরাবী নে
মাক্কী মাদানী হাশেমী ওয়া মুত্তালবী নে

বাংলা অর্থ ঃ মাবূদ এলাহী! মদীনা মুনাওয়ারার শহর যিয়ারত করতে তাওফীক দাও, যেখানে মাওলা নিরন্তর বরিষণ ঘটে তোমার রহমতের দিনরাত।

কলবের মধ্যে যিকর আছে তো যিন্দা আর যিকর নেই তো মুর্দা ঃ

قَالَ النَّبِيُّ ﷺ :مَثَلُ الَّذِي يَذْكُرُ رَبَّهُ وَالَّذِي لا يَذْكُرُ رَبَّهُ مَثَلُ الحَيِّ وَالمَيِّتِ

বাংলা অর্থ ঃ মহানবী সা. ইরশাদ করেন, যে বান্দা যিকরের আমল করে আর যেই বান্দা যিকরের আমল করে না তার উপমা হল যিন্দা ও মুর্দার মত। (অর্থাৎ যিকরকারী ব্যক্তির কলব হল যিন্দা আর যিকর বঞ্চিত ব্যক্তির কলব হল মুর্দা) (সহীহ বুখারী)

সর্বশ্রেষ্ঠ যিকর হল 'লা ইলাহা ইল্লাল্লাহ' ঃ

شَهِدَ اللَّهُ أَنَّهُ لَا إِلَٰهَ إِلَّا هُوَ وَالْمَلَائِكَةُ وَأُولُو الْعِلْمِ قَائِمًا بِالْقِسْطِ ۚ لَا إِلَٰهَ إِلَّا هُوَ الْعَزِيزُ الْحَكِيمُ

বাংলা অর্থ ঃ (মহান আল্লাহ ইরশাদ ফরমান,) আল্লাহ স্বয়ং সাক্ষ্য দিচ্ছেন (লা ইলাহা ইল্লা হুয়া) নিশ্চয় তিনি ব্যতীত কোন ইলাহ নেই। (এ মর্মে) সাক্ষ্য দিচ্ছে ফেরেশতাগণ ও জগতের জ্ঞানীগণও। আল্লাহ ন্যায়নীতিতে প্রতিষ্ঠিত, তিনি ব্যতীত অন্য কোন ইলাহ নেই। তিনি পরাক্রমশালী, প্রজ্ঞাময়। (সূরা আলে ইমরান, আয়াত ১৮)

أفضلُ الذكرِ لا إله إلا اللّٰهُ

وافضل ما قاله هو والنبيون لا اله الا الله اذا قال العبد لا اله الا الله و الله اكبر صدق ربه وقال صدق عبدى لا اله الا انا و انا اكبر

বাংলা অর্থ ঃ (প্রিয়নবী সা. ইরশাদ করেন,) সর্বোত্তম যিকর হল 'লা ইলাহা ইল্লাল্লাহ'। আর যেই কথাটি স্বয়ং আল্লাহ ও (যুগে যুগে) নবীগণ বলে

গিয়েছেন অর্থাৎ 'লা ইলাহা ইল্লাল্লাহ' সেটিই সর্বোত্তম যিকর। বান্দা যখন বলে আল্লাহ ব্যতীত কোন ইলাহ নেই, আল্লাহ সর্বাপেক্ষা বড়; তখন আল্লাহ সেই বান্দার কথাকে সত্যায়ন করে বলেন, (হ্যাঁ) আমার বান্দা যথার্থ বলেছে; কেননা আমি ছাড়া অন্য কোন ইলাহ নেই। আর আমিই সর্বাপেক্ষা বড়। (সহীহ মুসলিম)

'লা ইলাহা ইল্লাল্লাহ'- যিকর ঈমানকে নতুনত্ব দান করে ঃ

وقال جَدِّدُوا إِيمَانَكُمْ . قِيلَ : يَا رَسُولَ اللَّهِ ! وَكَيْفَ نُجَدِّدُ إِيمَانَنَا ؟ قَالَ أَكْثِرُوا مِنْ قَوْلِ لَا إِلَهَ إِلَّا اللَّهُ

বাংলা অর্থ ঃ রাসূলুল্লাহ সা. ইরশাদ করেন, (আমার উম্মতের নারী পুরুষ! তোমরা সর্বদা) নিজেদের ঈমান নবায়ন করে রাখো। প্রশ্ন করা হল, ইয়া রাসূলাল্লাহ! আমাদের ঈমানকে কিরূপে নবায়ন করবো? নবী আ. উত্তর দিলেন; তোমরা বেশী পরিমানে যিকর আদায় করে পড়ো- লা ইলাহা ইল্লাল্লাহ। (সহীহ মুসলিম)

যিকর কলব থেকে অযাচিত জিনিস দূর করে এবং সেখানে নূর প্রবিষ্ট করে ঃ

أَوَمَنْ كَانَ مَيْتًا فَأَحْيَيْنَاهُ وَجَعَلْنَا لَهُ نُورًا يَمْشِي بِهِ فِي النَّاسِ كَمَنْ مَثَلُهُ فِي الظُّلُمَاتِ لَيْسَ بِخَارِجٍ مِنْهَا

(মহান আল্লাহ ইরশাদ ফরমান,) যে ব্যক্তি ছিল মৃত (কলবের দিক থেকে) অতঃপর আমি তাকে প্রাণ (অর্থাৎ যিকর মোরাকাবার দ্বারা জীবন্ত কলব) দান করলাম এবং তাকে (আরো) দান করলাম এমন নূর যা সর্বজনের কাছে সুস্পষ্টভাবে প্রতিভাত, এমন ব্যক্তি (কত ভাগ্যবান। তাকে) কি ঐ মানুষের কাতারে আনা যায় যে কিনা পড়ে আছে (গুমরাহীর) গভীর অন্ধকারের মধ্যে; যেখান থেকে তার বেরিয়ে আসার কোন পথ নেই। (সূরা আনআম, আয়াত ১২২)

যিকরের দ্বারা কলবের ভিতর প্রশান্তি আসে ঃ

قُلْ إِنَّ اللَّهَ يُضِلُّ مَن يَشَاءُ وَيَهْدِي إِلَيْهِ مَنْ أَنَابَ
الَّذِينَ آمَنُوا وَتَطْمَئِنُّ قُلُوبُهُم بِذِكْرِ اللَّهِ أَلَا بِذِكْرِ اللَّهِ تَطْمَئِنُّ الْقُلُوبُ

বাংলা অর্থ ঃ বল, আল্লাহ যাকে ইচ্ছা হেদায়েত থেকে বঞ্চিত রাখেন আর তিনি সে সব লোককে তাঁর দিকে হেদায়েত দান করেন যারা তাঁর প্রতি অভিমুখী (গভীর মনোযোগী) অবস্থায় থাকে; যারা কলেমা (লা ইলাহা ইল্লাল্লাহ) পড়ে এবং যাদের চিত্ত প্রশান্ত হয় আল্লাহর যিকর দ্বারা। আর মনে রাখবে, আল্লাহর যিকরই হল চিত্ত (কলব) প্রশান্তির অবলম্বন। (সূরা রা'দ, আয়াত ২৭-২৮)

فَوَيْلٌ لِّلْقَاسِيَةِ قُلُوبُهُم مِّن ذِكْرِ اللَّهِ ۚ أُولَٰئِكَ فِي ضَلَالٍ مُّبِينٍ

বাংলা অর্থ ঃ সুতরাং ওয়াইল দোযখ তাদের জন্য যারা আল্লাহর যিকর থেকে পরাঙ্মুখ কঠোর হৃদয়ের মানুষ; তারা আছে স্পষ্ট বিভ্রান্তির মধ্যে (সূরা যুমার, আয়াত ২২)

تَقْشَعِرُّ مِنْهُ جُلُودُ الَّذِينَ يَخْشَوْنَ رَبَّهُمْ ثُمَّ تَلِينُ جُلُودُهُمْ وَقُلُوبُهُمْ إِلَىٰ ذِكْرِ
اللَّهِ ذَٰلِكَ هُدَى اللَّهِ يَهْدِي بِهِ مَن يَشَاءُ وَمَن يُضْلِلِ اللَّهُ فَمَا لَهُ مِنْ هَادٍ

বাংলা অর্থ ঃ (কুরআন তিলাওয়াতের দ্বারা) গাত্র রোমাঞ্চিত হয়ে ওঠে সে সব মানুষের যারা তাদের প্রতিপালককে ভয় করে, অতঃপর তাদের দেহমন বিনম্র হয়ে আল্লাহর যিকরের দিকে ঝুকে পড়ে। এটিই হল আল্লাহর পথনির্দেশ, তিনি এদ্বারা যাকে ইচ্ছা হিদায়েত করেন। আর আল্লাহ যাকে হেদায়েত থেকে বঞ্চিত রাখেন তার জন্য কোন পথনির্দেশক নেই। (সূরা যুমার, আয়াত ২৩)

إِنَّمَا الْمُؤْمِنُونَ الَّذِينَ إِذَا ذُكِرَ اللَّهُ وَجِلَتْ قُلُوبُهُمْ وَإِذَا تُلِيَتْ عَلَيْهِمْ آيَاتُهُ زَادَتْهُمْ إِيمَانًا وَعَلَىٰ رَبِّهِمْ يَتَوَكَّلُونَ

বাংলা অর্থ ঃ প্রকৃত মুমিন তো হল তারাই যাদের হৃদয় প্রকম্পিত হয়ে উঠে যিকরের সময়, আর যখন তাদের কছে আল্লাহর আয়াত তিলাওয়াত করা হয় তখন তাদের ঈমান বেড়ে যায় এবং তারা তাওয়াক্কুল ও ভরসা করে নিজ প্রতিপালকের উপর। (সূরা আনফাল, আয়াত ০২)

‘লা ইলাহা ইল্লাল্লাহ’ যিকর নিয়ে মৃত্যু লাভকারী নিশ্চিত জান্নাতী ঃ

وعَنْ معاذ بن جبل قَالَ قَالَ رسول الله صلى الله عليه وسلم مَنْ كان آخِرُ كلامِهِ "لا إِلٰه إِلَّا اللّٰهُ دَخَلَ الجَنَّةَ

বাংলা অর্থ ঃ হযরত মুআয ইবনে জাবাল রা. থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সা. ইরশাদ করেন, যেই বান্দার শেষ কথা হবে ‘লা ইলাহা ইল্লাল্লাহ’ সে নিশ্চিত জান্নাতী। (সুনান আবূ দাউদ)

وعَنْ أَبِي ذَرٍّ قَالَ أَتَيْتُ النبِيَّ صَلَّى اللّٰهُ عليه وسلَّمَ وعليه ثَوْبٌ أَبْيَضُ، وهو نَائِمٌ، ثُمَّ أَتَيْتُهُ وقَدِ اسْتَيْقَظَ، فَقالَ: ما مِن عَبْدٍ قالَ: لا إِلَهَ إِلَّا اللَّهُ، ثُمَّ مَاتَ عَلَى ذلكَ إِلَّا دَخَلَ الجَنَّةَ قُلتُ: وإنْ زَنَى وإنْ سَرَقَ؟ قالَ: وإنْ زَنَى وإنْ سَرَقَ قُلتُ: وإنْ زَنَى وإنْ سَرَقَ؟ قالَ: وإنْ زَنَى وإنْ سَرَقَ قُلتُ: وإنْ زَنَى وإنْ سَرَقَ؟ قالَ: وإنْ زَنَى وإنْ سَرَقَ عَلَى رَغْمِ أَنْفِ أَبِي ذَرٍّ

বাংলা অর্থ ঃ হযরত আবূ যর গিফারী রা. থেকে বর্ণিত। তিনি বলেন, আমি মহানবী সা. এর দরবারে উপস্থিত হলাম। তাঁর শরীর ছিল একটি সাদা

চাদরে আবৃত। তিনি নিদ্রামগ্ন। তাই আমি জাগ্রত হওয়ার পর আবার আসলাম। তখন তিনি বললেন, যে কোন বান্দা যদি সে স্বিকার করল যে, 'লা ইলাহা ইল্লাল্লাহ' (আল্লাহ ছাড়া কোন মাবূদ নেই) তারপর এই বিশ্বাসের উপর তার মওত হয়ে গেল তাহলে সে নিশ্চিত জান্নাতী। আমি বললাম, (ঈমান আনার পর) যেনা করলেও, চুরি করলেও? মহানবী সা. বললেন, যেনা করলেও, চুরি করলেও। আমি (আবার) বললাম, যেনা করলেও, চুরি করলেও? তিনি বললেন, যেনা করলেও, চুরি করলেও। আমি (আবারও) বললাম, যেনা করলেও, চুরি করলেও? তিনি বললেন, যেনা করলেও, চুরি করলেও। আবূ যরের কাছে এটা খুব পছন্দ না হলেও। (সহীহ বুখারী)

'লা ইলাহা ইল্লাল্লাহ' যিকরকারী নবী আ. এর শাফাআত লাভ করবে ঃ

وعَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّهُ قَالَ قِيلَ يَا رَسُولَ اللَّهِ، مَنْ أَسْعَدُ النَّاسِ بِشَفَاعَتِكَ يَوْمَ الْقِيَامَةِ قَالَ لَقَدْ ظَنَنْتُ يَا أَبَا هُرَيْرَةَ أَنْ لاَ يَسْأَلَنِي عَنْ هَذَا الْحَدِيثِ أَحَدٌ أَوَّلُ مِنْكَ، لِمَا رَأَيْتُ مِنْ حِرْصِكَ عَلَى الْحَدِيثِ، أَسْعَدُ النَّاسِ بِشَفَاعَتِي يَوْمَ الْقِيَامَةِ مَنْ قَالَ لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ، خَالِصًا مِنْ قَلْبِهِ أَوْ نَفْسِهِ

বাংলা অর্থ ঃ হযরত আবূ হুরায়রা রা. থেকে বর্ণিত। তিনি বলেন, একবার রাসূলুল্লাহ সা. কে জিজ্ঞাস করা হয়েছিল যে, ইয়া রাসূলাল্লাহ! কিয়ামতের দিবসে কারা আপনার সুপারিসে সর্বাপেক্ষা বেশী ধন্য হবে? রাসূলুল্লাহ সা. বললেন, ওহে আবূ হুরায়রা! আমি জানতাম, তুমিই সর্বাগ্রে এই ব্যপারে আমাকে জিজ্ঞাসা করবে। কারণ আমি দেখছি, তোমার ভিতর হাদীস শোনার জন্য অনেক আগ্রহ। তাহলে শোন, কিয়ামতের দিন আমার শাফাআত দ্বারা সর্বাপেক্ষা বেশী ধন্য হবে সে সব মানুষ যারা স্বীকারোক্তি দেয় (যিকর করে) যে, 'লা ইলাহা ইল্লাল্লাহ' (আল্লাহ ছাড়া কোন মাবূদ নেই) মনের সুগভীর স্থান থেকে। (সহীহ মুসলিম)

‘লা ইলাহা ইল্লাল্লাহ’ যিকরকারীর জন্য জাহান্নাম হারাম ঃ

عن عتبان بن مالك أن رسول الله صلى الله عليه وسلم قال :فَقالَ :فإنَّ اللَّهَ حَرَّمَ علَى النَّارِ مَن قالَ :لا إلَهَ إلَّا اللَّهُ، يَبْتَغِي بذلكَ وجْهَ اللَّهِ

বাংলা অর্থ ঃ হযরত ইতবান ইবনে মালিক রা. থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সা. ইরশাদ করেছেন, মহান আল্লাহ জাহান্নামের জন্য সে ব্যক্তিকে হারাম করে রেখেছেন যে ব্যক্তি মহান আল্লাহর সন্তুষ্টি অর্জনের উদ্দেশ্যে স্বীকারোক্তি দেয় (যিকর করে) যে, ‘লা ইলাহা ইল্লাল্লাহ’ (আল্লাহ ছাড়া কোন মাবূদ নেই) (সহীহ মুসলিম)

‘লা ইলাহা ইল্লাল্লাহ’ যিকরের ওজন সাত আসমান ও যমিনের চেয়েও বেশী ঃ

قال موسى : يا ربِّ ! علِّمْني شيئًا أذكُرَك بهِ وأدعوكَ بهِ ؟ قال : قل يا موسى لا إلهَ إلا اللهُ ، قال يا ربِّ كلُّ عبادِك يقول هذا قال : قل : لا إلهَ إلا اللهُ ، قال : إنما أريدُ شيئًا تخصُّني به ! قال : يا موسى ! لو أنَّ السماواتِ السبعَ والأرضينَ السبعَ في كفَّةٍ ؛ ولا إلهَ إلا اللهُ في كفَّةٍ مالت بهنَّ لا إلهَ إلا اللهُ

বাংলা অর্থ ঃ পয়গাম্বর হযরত মূছা আ. বললেন, ওহে আমার প্রতিপালক! আমাকে এমন একটি (স্পেশাল) তাসবীহ দান করুন যদ্বারা আমি আপনার যিকর আদায় করবো, আপনার কাছে দুআ চাইবো। মহান আল্লাহ বললেন, ওহে মূছা! তুমি যিকর করো ‘লা ইলাহা ইল্লাল্লাহ’। মূছা আ. বললেন, ওহে প্রভূ! তোমার বান্দাদের সবাই এই যিকর করে। আল্লাহ বললেন, তুমিও সেই যিকর করে বল, ‘লা ইলাহা ইল্লাল্লাহ’। মূছা আ. বললেন, (প্রভু) আসলে আমি চাচ্ছি এমন কোন যিকর যা (সর্বাপেক্ষা বেশী দামী হবে এবং সেটি) তুমি কেবল আমাকেই স্পেশাল ভাবে দান করবে। আল্লাহ বললেন, হে মূছা! যদি সাত আসমান ও সাত যমিন থাকে এক পাল্লায় আর যিকর ‘লা ইলাহা ইল্লাল্লাহ’ থাকে অপর পাল্লায় তাহলে ‘লা ইলাহা ইল্লাল্লাহ’ যুক্ত পাল্লা ভারী হয়ে যাবে। (আল মুস্তাদরাক)

‘লা ইলাহা ইল্লাল্লাহ’ এর উপমা বিশাল বরকতময় বৃক্ষ ঃ

أَلَمْ تَرَ كَيْفَ ضَرَبَ اللَّهُ مَثَلاً كَلِمَةً طَيِّبَةً كَشَجَرةٍ طَيِّبَةٍ أَصْلُهَا ثَابِتٌ وَفَرْعُهَا فِي السَّمَآءِ تُؤْتِي أُكُلَهَا كُلَّ حِينٍ بِإِذْنِ رَبِّهَا وَيَضْرِبُ اللَّهُ الأَمْثَالَ لِلنَّاسِ لَعَلَّهُمْ يَتَذَكَّرُونَ

বাংলা অর্থ ঃ (মহান আল্লাহ বলেন) তুমি কি লক্ষ্য কর না মহান আল্লাহ কিভাবে উপমা দিয়ে থাকেন? কালেমায়ে তায়্যিবা (‘লা ইলাহা ইল্লাল্লাহ’) এর তুলনা যেন উৎকৃষ্ট বৃক্ষ যার মূল সুদৃঢ় (স্থানে স্থাপিত মানে মানুষের কলব) ও যার শাখা প্রশাখা মহাশূণ্যের সর্বত্র বিস্তৃত ও বিরাজিত। যা ফলদান করে প্রতি মুহূর্তে মুহূর্তে নিজ প্রতিপালকের অনুমতি ক্রমে। আল্লাহ মানুষের জন্য (এ ধরনের) উপমা দিয়ে থাকেন যেন তারা উপদেশ গ্রহণ করতে পারে। (সূরা ইবরাহীম, আয়াত ২৪)

‘আল্লাহু আল্লাহ’ যিকরের মাহাত্ম ঃ

عن أنس قال :قال رسول الله: صلى الله عليه وسلم لَا تَقُومُ السَّاعَةُ حَتَّى لَا يُقَالَ فِي الْأَرْضِ اللَّهُ اللَّه

বাংলা অর্থ ঃ সাহাবী হযরত আনাস রা. বলেন, রাসূলুল্লাহ সা. ইরশাদ করেছেন, ততক্ষণ পর্যন্ত কিয়ামত হবে না যতক্ষণ পর্যন্ত না স্থগিত হয়ে যায় যমিনের উপর ‘আল্লাহু আল্লাহ’ বলা। (সহীহ মুসলিম)

শুধু ইছমে যাত ‘আল্লাহ’ -এর যিকর করা যায় ঃ

وَاذْكُرِ اسْمَ رَبِّكَ وَتَبَتَّلْ إِلَيْهِ تَبْتِيلا

বাংলা অর্থ ঃ (রাত্রি জাগরনের এই সময়) তুমি তোমার প্রতিপালকের নাম (আল্লাহ) এর যিকর কর এবং খুব একনিষ্ঠ হয়ে তাতে নিমগ্ন থাকো। (সূরা মুয্যাম্মিল, আয়াত ০৮)

إِنَّنِي أَنَا اللَّهُ لَا إِلَٰهَ إِلَّا أَنَا فَاعْبُدْنِي وَأَقِمِ الصَّلَاةَ لِذِكْرِي

বাংলা অর্থ ঃ (হে মূছা...) আমিই আল্লাহ। আমি ব্যতীত কোন ইলাহ নেই। অতএব আমারই ইবাদত করো আর আমারই স্মরণার্থে নামায আদায় করো। (সূরা ত্বাহা, আয়াত ১৪)

মোরাকাবা যে কোন ইবাদতের শক্তিকে অনেক গুণ বাড়িয়ে দেয় ঃ

إِنَّ فِي خَلْقِ السَّمَاوَاتِ وَالأَرْضِ وَاخْتِلاَفِ اللَّيْلِ وَالنَّهَارِ لآيَاتٍ لِّأُوْلِي الألْبَابِ الَّذِينَ يَذْكُرُونَ اللّهَ قِيَامًا وَقُعُودًا وَعَلَىَ جُنُوبِهِمْ وَيَتَفَكَّرُونَ فِي خَلْقِ السَّمَاوَاتِ وَالأَرْضِ رَبَّنَا مَا خَلَقْتَ هَذا بَاطِلاً سُبْحَانَكَ فَقِنَا عَذَابَ النَّارِ

বাংলা অর্থ ঃ নিশ্চয় আকাশমণ্ডলী ও পৃথিবীর সৃষ্টিতে এবং রাত দিনের পরিবর্তনের মধ্যে রয়েছে বহু নিদর্শন (কুদরত উপলব্ধির নিশানা) বোধশক্তি সম্পন্ন জ্ঞানীদের জন্য। এই বোধশক্তি সম্পন্ন জ্ঞানী হল তারা যারা মহান আল্লাহর যিকর করে দাঁড়ানো অবস্থায়, বসা অবস্থায়, শোয়া অবস্থায়- আর মোরাকাবা চালিয়ে যায় আকাশমণ্ডলী ও পৃথিবীর সৃষ্টি রহস্য সম্বন্ধে; (এবং ফলাফল হিসাবে নিজ অভিব্যক্তি ও মতামত প্রকাশ করে বলে,) হে আমাদের প্রতিপালক! তুমি এ সব নিরর্থক সৃষ্টি করনি। তুমি মহান ও পবিত্র। অতএব তুমি আমাদেরকে জাহান্নামের আযাব থেকে রক্ষা করো ...। (সূরা আলে ইমরান, আয়াত ১৯০-১৯১)

أَفَلَا يَنظُرُونَ إِلَى الْإِبِلِ كَيْفَ خُلِقَتْ وَإِلَى السَّمَاء كَيْفَ رُفِعَتْ وَإِلَى الْجِبَالِ كَيْفَ نُصِبَتْ وَإِلَى الْأَرْضِ كَيْفَ سُطِحَتْ

বাংলা অর্থ ঃ তবে কি তারা (মানুষ) খেয়াল করে না উটের দিকে কিভাবে ওটিকে সৃষ্টি করা হল? (তারা কি খেয়াল করে না) আকাশের দিকে, কিভাবে তা উর্ধ্বে প্রতিষ্ঠিত করা হল? (তারা কি খেয়াল করে না) পাহাড় পর্বতের দিকে কিভাবে তা স্থাপন করা হল? (তারা কি খেয়াল করে না) ভূতলের দিকে, কিভাবে তা বিস্তৃত করা হল? (অর্থাৎ খেয়াল ও মোরাকাবা করলেই তারা আমার কুদরত ও মহানত্ব উপলব্ধি করতে সক্ষম হবে) (সূরা গাশিয়া, আয়াত ১৮-২০)

বারো তাসবীহের মোরাকাবায় মননচর্চার তিনটি স্তর অতিক্রম করতে হয় ঃ

إِنَّ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ أُوْلَئِكَ هُمْ خَيْرُ الْبَرِيَّةِ

বাংলা অর্থ ঃ (পক্ষান্তরে) যারা ('লা ইলাহা ইল্লাল্লাহ' কালেমায়) ঈমান আনল এবং নেক আমল করল তারাই হল সৃষ্টির শ্রেষ্ঠ। (সূরা বায়্যিনা, আয়াত ০৭)

وَمَا أُمِرُوا إِلَّا لِيَعْبُدُوا اللَّهَ مُخْلِصِينَ لَهُ الدِّينَ حُنَفَاءَ وَيُقِيمُوا الصَّلَاةَ وَيُؤْتُوا
الزَّكَاةَ ۚ وَذَٰلِكَ دِينُ الْقَيِّمَةِ

বাংলা অর্থ ঃ তাদেরকে এই হুকুমই করা হয়েছে যে, তারা আল্লাহ পাকের ইবাদত করবে পূর্ণ ইখলাসের সাথে দীনের প্রতি আনুগত্যশীল হয়ে। তারা একনিষ্ঠভাবে ইবাদত করবে, নামায আদায় করবে এবং যাকাত দিবে। এটিই হল সঠিক দীন। (সূরা বায়্যিনা, আয়াত ০৫)

قُلْ إِنَّ صَلَاتِي وَنُسُكِي وَمَحْيَايَ وَمَمَاتِي لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ لَا شَرِيكَ لَهُ ۖ
وَبِذَٰلِكَ أُمِرْتُ وَأَنَا أَوَّلُ الْمُسْلِمِينَ

বাংলা অর্থ ঃ বলো, আমি আমার নামায, আমার কুরবানী, আমার জীবন, আমার মরণ (আমার সবকিছু) সেই মহান আল্লাহর জন্য উৎসর্গিত

করলাম; যিনি জগৎসমূহের প্রতিপালক। যার কোন শরীক নেই, আমি এই তাওহীদ বানীর জন্যই আদিষ্ট আছি। (এতে দুনিয়ার কেউ সম্মত হোক কিংবা না হোক, আমি পরোয়া করি না। জেনে রাখো; কেউ তাতে একমত না হলেও, আমার ঘোষণা) আমিই প্রথম মুসলিম। (সূরা আন'আম, আয়াত ১৬২-১৬৩)

শিরক ও নাফরমানী থেকে বেঁচে থাকার জন্য এই যিকর করা হয় ঃ

إِنَّ اللَّهَ لَا يَغْفِرُ أَن يُشْرَكَ بِهِ وَيَغْفِرُ مَا دُونَ ذَٰلِكَ لِمَن يَشَاءُ ۚ وَمَن يُشْرِكْ
بِاللَّهِ فَقَدِ افْتَرَىٰ إِثْمًا عَظِيمًا

বাংলা অর্থ ঃ নিশ্চয় আল্লাহ তাঁর সাথে শরিক করার গুনাহ ক্ষমা করেন না। এটি ব্যতীত অন্যান্য গুনাহ কাউকে ইচ্ছা করলে ক্ষমা করেন। যে বান্দা আল্লাহর সাথে কোন জিনিসকে শরিক করে সে বস্তুত সম্পাদন করে মহা ভয়ানক পাপ। (সূরা নিসা, আয়াত ৪৮)

'লা ইলাহ ইল্লাল্লাহ' ⇨ 'লা ইলাহ ইল্লাল্লাহ' ⇨ 'লা ইলাহ ইল্লাল্লাহ'
মুহাম্মাদুর রাছূলুল্লাহ
ছাল্লাল্লাহু আলাইহি ওয়া ছাল্লাম
'আল্লাহু হাজেরী ⇨ আল্লাহু নাজেরী ⇨ আল্লাহু শাহেদী ⇨ আল্লাহু মায়ী'

شرک و عصیان و ضلالت سے بچاکر اے کریم
کر ہدایت مجھکو اب راہ صراط مستقیم

শিরক ও ইছয়ানো যালালত ছে বাচা কার আয় কারীম
কার হেদায়েত মুঝকো আব রাহে ছিরাতে মুস্তাকীম

বাংলা অর্থ ঃ মাবূদ, ওগো দয়াময়! (তুমি তোমার খাছ রহমতের দ্বারা) আমাকে রক্ষা করো (জলী খফী সব ধরনের) শিরক থেকে, নাফরমানী

থেকে এবং পথভ্রষ্টতা থেকে। আর আমাকে হেদায়েত দান করো ছিরাতে মুস্তাকীম তথা সঠিক পথের দিকে। (আমীন)

پاک کر ظلمات وعصیاں سے الہی دل مرا
کر منور نور وعرفاں سے الہی دل مرا

পাক কার জুলমাতো ইছয়াঁ ছে এলাহী দিল মেরা
কার মুনাওয়ার নূর ও ইরফাঁ ছে এলাহী দিল মেরা

বাংলা অর্থ ঃ মাবূদ, ওগো এলাহী! নানাবিদ (অজ্ঞতার) অন্ধকার আর (খাহেশাতে নাফসানী কর্তৃক) নাফরমানী করা থেকে আমার দিলকে পবিত্র বানিয়ে দাও। এলাহী! ওগো এলাহী! আমার দিলকে তুমি নূর দিয়ে এবং অতিন্দ্রীয় জ্ঞান (মারিফাত) দ্বারা আলোময় করে দাও। (আমীন)

তরীকতের বিশুদ্ধ পথ খুজে পাওয়ার জন্য এই যিকর করা হয় ঃ

إِنَّكَ لَا تَهْدِي مَنْ أَحْبَبْتَ وَلَٰكِنَّ اللَّهَ يَهْدِي مَن يَشَاءُ ۚ وَهُوَ أَعْلَمُ بِالْمُهْتَدِينَ

বাংলা অর্থ ঃ (ওহে পয়গাম্বর!) তুমি যাকে ভালবাসো ইচ্ছা করলে তুমি তাকে হিদায়েতের উপর আনতে সক্ষম হবে না (যতক্ষণ না আল্লাহ সিদ্ধান্ত দেন) আল্লাহ যাকে তাঁর ইচ্ছা হেদায়েত দান করেন। আর তিনি উত্তমরূপে জানেন (কে বা) কারা হেদায়েত প্রাপ্তির উপযুক্ত। (সূরা কাসাস, আয়াত ৫৬)

کھول دے راہ طریقت قلب پر یا حق میرے
کر تجلئ حقیقت قلب پر یا حق میرے

খোল দে রাহে তরীকত কালব পর 'ইয়া হক' মেরে

কার তাজাল্লীয়ে হাকীকত কলব পর 'ইয়া হক' মেরে

বাংলা অর্থ ঃ ওগো আল্লাহ! ওগো হক্ক মাবূদ! তরীকত তথা তোমাকে পাওয়ার পথ আমার কলবের উপর উদ্ভাসিত করে দাও। ওগো হক্ক মাবূদ! হাকীকত তথা তোমার কুদরতের জীবন্ত বাস্তবতা উপলব্ধি করার তাওফীক এবং সেই কুদরতের উপর দিব্যি অনুভূতির ছায়া আমার কলবের উপর আরোপিত করে দাও।

মহাসৃষ্টির অভিন্ন স্রোতে পরিচালিত থাকার জন্য এই যিকর করা হয় ঃ

أَلَمْ تَرَ أَنَّ اللَّهَ يُسَبِّحُ لَهُ مَن فِي السَّمَاوَاتِ وَالأَرْضِ وَالطَّيْرُ صَافَّاتٍ كُلٌّ قَدْ
عَلِمَ صَلاتَهُ وَتَسْبِيحَهُ وَاللَّهُ عَلِيمٌ بِمَا يَفْعَلُونَ

বাংলা অর্থ ঃ তুমি কি লক্ষ কর না যে, আকাশমণ্ডলী ও প্রথিবীতে যারা বসবাসরত আছে তারা এবং উড্ডীয়মান বিহঙ্গকুল (পাখ পাখালী) আল্লাহর মহিমা ঘোষণা ও তাসবীহ আদায় করে যাচ্ছে? প্রত্যেকেই নিজ নিজ ইবাদত ও তাসবীহ পাঠের পদ্ধতি যথানিয়মে রপ্ত করে রেখেছে। তারা যা করে আল্লাহ সে বিষয়ে সম্যক অবগত। (সূরা নূর, আয়াত ৪১)

'লা ইলাহ ইল্লাল্লাহ' ⇨ 'লা ইলাহ ইল্লাল্লাহ' ⇨ 'লা ইলাহ ইল্লাল্লাহ'
মুহাম্মাদুর রাছূলুল্লাহ
ছাল্লাল্লাহু আলাইহি ওয়া ছাল্লাম
'আল্লাহু হাজেরী ⇨ আল্লাহু নাজেরী ⇨ আল্লাহু শাহেদী ⇨ আল্লাহু মায়ী'

الله الله می کند شمس و قمر
الله الله می کند شجر و حجر

আল্লাহ আল্লাহ মী কুনাদ শামছ ও কামার
আল্লাহ আল্লাহ মী কুনাদ শাজর ও হাজার

বাংলা অর্থ ঃ 'আল্লাহ' 'আল্লাহ' যিকির করে আকাশের সূর্য ও চন্দ্র, (যদিও মানুষ দেখে না) 'আল্লাহ' 'আল্লাহ' যিকির কর ইটপাথর ও গাছপালা। (মাবূদ! এই সূর্য চন্দ্র ইট পাথর ও গাছপালার মত আমার ভিতর বাইর ও সকল অস্তিত্তের মধ্যেও তুমি জারি করে দাও 'আল্লাহু আল্লাহ')

الله الله مى كند ارض وسماء

الله الله مى كند جو و هواء

আল্লাহ আল্লাহ মী কুনাদ আরদ ও ছামা
আল্লাহ আল্লাহ মী কুনাদ জাও ও হাওয়া

বাংলা অর্থ ঃ 'আল্লাহ' 'আল্লাহ' যিকির করে ভূমণ্ডল ও নভোমণ্ডল। 'আল্লাহ' 'আল্লাহ' যিকির কর মহাশূন্য ও বায়ুমণ্ডল। (মাবূদ! মহাসৃষ্টির মহাপ্রকৃতির সাথে আমাকেও পরিচালিত কর অভিন্ন স্রোতে, আমার মধ্যেও জারি করে দাও 'আল্লাহু আল্লাহ')

মনকে কুদরত অনুভবের যোগ্য বানানোর জন্য এই যিকর করা হয় ঃ

وَلَا تُلْقُوا بِأَيْدِيكُمْ إِلَى التَّهْلُكَةِ ۛ وَأَحْسِنُوا ۛ إِنَّ اللَّهَ يُحِبُّ الْمُحْسِنِينَ

বাংলা অর্থ ঃ আর তোমরা নিজেদের হাতে নিজেদেরকে (জিহাদ পরিত্যাগ পূর্বক) ধ্বংসের দিকে ঠেলে দিও না। তোমরা (ইবাদত বন্দেগীতে) ইহসানের মাকাম অর্জন করো। ইহসানের মাকাম অর্জনকারীদের আল্লাহ ভালবাসেন। (সূরা বাকারা, আয়াত ১৯৫)

: أَنْ تَعْبُدَ اللَّهَ كَأَنَّكَ تَرَاهُ، فإنْ لَمْ تَكُنْ تَرَاهُ فإنَّه يَرَاكَ،

বাংলা অর্থ ঃ তুমি এমন (অখণ্ড মনোযোগিতাসহ) ইবাদত বন্দেগী কর যেন তুমি তাঁকে দিব্যি দেখতে পাচ্ছে। (এটাকে বলে মকামে মোশাহাদা) আর যদি তুমি তাঁকে দেখতে না পাও তাহলে মনে রাখবে তিনি তোমাকে খুব ভাল

করেই দেখছেন। (সম্মুখ পশ্চাদ ডান বাম উপর নীচ ভিতর বাইর সব দেক থেকে- এটাকে বলে মকামে মোরাকাবা- হাদীস সহীহ ইমাম বুখারী)

'লা ইলাহ ইল্লাল্লাহ' ⇨ 'লা ইলাহ ইল্লাল্লাহ' ⇨ 'লা ইলাহ ইল্লাল্লাহ'
মুহাম্মাদুর রাছূলুল্লাহ
ছাল্লাল্লাহু আলাইহি ওয়া ছাল্লাম
'আল্লাহু হাজেরী ⇨ আল্লাহু নাজেরী ⇨ আল্লাহু শাহেদী ⇨ আল্লাহু মায়ী'

حجر میں شجر میں تیرے رنگ بو ہے
جدہر دیکھتا ہوں ادہر تو ہی تو ہے
হাজার মে শাজার মে তেরে রঙ্গ ও বূ হ্যায়
জিধার দেখতা হোঁ উধার তূহী তূ হ্যায়

বাংলা অর্থ ঃ (মাবূদ! দয়া করে আমার মধ্যেও সেই মোশাহাদার নূর দান করো যেন আমি দেখতে পাই তোমার কুদরত, যেন আমি) ইটপাথর ও গাছপালা ইত্যাদির সবকিছুর মধ্যে বিদ্যমান পাই তোমারই রঙ আর তোমারই ঘ্রান। (যেন আমার দৃষ্টি কেবল তোমারই সাথে এমনভাবে নিবন্ধিত হয়ে যায় যে,) আমি যে দিকেই তাকাই সেদিকে কেবল তোমাকেই খুজে পাই।

ادہر تو ہی تو ہے ادہر تو ہی تو ہے
جدہر دیکھتا ہوں ادہر تو ہی تو ہے
ইধার তূহী তূ হ্যায় উধার তূহী তূ হ্যায়
জিধার দেখতা হোঁ উধার তূহী তূ হ্যায়

বাংলা অর্থ ঃ (মাবূদ! আমার মোশাহাদার শক্তি যেন এমন হয়ে যায় যে, আমি) এদিকে তাকালে কেবল তোমাকেই দেখি ওদিকে তাকালেও কেবল তোমাকেই দেখি। আমি যে দিকেই তাকাই যেন সেদিকে কেবল তোমাকেই দেখি, কেবল তোমাকেই দেখতে পাই।

নিজকে গুনাহমুক্ত বানানোর জন্য এই যিকর করা হয় ঃ

اسْتَغْفِرُوا رَبَّكُمْ إِنَّهُ كَانَ غَفَّارًا

বাংলা অর্থ ঃ তোমরা তোমাদের প্রতিপালকের নিকট ইস্তিগফার করো, ক্ষমা প্রার্থনা করো, তিনি তো মহাক্ষমাশীল। (সূরা নূহ, আয়াত ১০)

وَرَجُلٌ ذَكَرَ اللَّهَ خَالِيًا فَفَاضَتْ عَيْنَاهُ

বাংলা অর্থ ঃ (আর হাশরের ময়দানে আল্লাহর আরশের ছায়ায় থাকবে) সেই ব্যক্তি যিনি (শেষরাতে) আল্লাহর যিকর করে একান্ত অবস্থায় আর (অনুশোচনা ও আল্লাহর মহাব্বতে) তার চোখ থেকে গড়িয়ে গড়িয়ে পড়ে অশ্রু। (সহীহ বুখারী)

'লা ইলাহ ইল্লাল্লাহ' ⇨ 'লা ইলাহ ইল্লাল্লাহ' ⇨ 'লা ইলাহ ইল্লাল্লাহ'
মুহাম্মাদুর রাছূলুল্লাহ
ছাল্লাল্লাহু আলাইহি ওয়া ছাল্লাম
'আল্লাহু হাজেরী ⇨ আল্লাহু নাজেরী ⇨ আল্লাহু শাহেদী ⇨ আল্লাহু মায়ী'

گناہو میں ساری عمر گذاری

اے میرے مولے اے میرے باری

গুনাহোঁ মে ছারী উমর গুযারী-
আয় মেরে মাওলা আয় মেরে বারী

বাংলা অর্থ ঃ ওগো মাবূদ! ওগো আমার মাওলা! ওগো আমার প্রভূ! আপসুস! আমি নানা প্রকারের গুনাহের মধ্যেই আমার গোটা জীবনটা নিমর্জিত করে ফেললাম। আমার মাওলা! আমি এখন কোথায় যাবো।

کیا حشر ہو گا دحشت ہے طاری

اے میرے مولی اے میرے باری

কিয়া হাশর হোগা দাহশাত হ্যায় তারী-
আয় মেরে মাওলা আয় মেরে বারী

বাংলা অর্থ ঃ ওগো মাবূদ! ওগো মাওলা! এখন আমার কি উপায় হবে। আমি তো বরবাদ হয়ে গিয়েছি। আমি ভীত সন্ত্রস্ত অবস্থায় পড়ে আছি। আমার মাওলা! আমার স্রষ্টা! আমাকে বাঁচাও।

ہو جائے ناجی مجھ سا بھکاری

اے میرے مولی اے میرے باری

হো জায়ে নাজী মুঝ ছা ভিখারী-
আয় মেরে মাওলা আয় মেরে বারী

বাংলা অর্থ ঃ ওগো মাবূদ! ওগো আমার মাওলা! ওগো আমার প্রভূ! এই অসহায় ভিখারীর জন্য নাজাতের কোন উপায় হয়ে যায়, মাবূদ! ব্যবস্থা করে দাও।

অন্তরের গভীর রোনাজারী নিয়ে এই যিকর আদায় করতে হয় ঃ

كَانُوا قَلِيلًا مِّنَ اللَّيْلِ مَا يَهْجَعُونَ وَبِالْأَسْحَارِ هُمْ يَسْتَغْفِرُونَ

বাংলা অর্থ ঃ তারা (সৎকর্ম পরায়ণগণ) রাতের খুব সামান্য অংশই অতিবাহিত করে থাকত নিদ্রায়; আর রাতের শেষ প্রহরে তারা মশগুল হয়ে যেত যিকর ও ইস্তিগফারে। (সূরা যারিয়াত, আয়াত ১৭-১৮)

تَتَجَافَىٰ جُنُوبُهُمْ عَنِ الْمَضَاجِعِ يَدْعُونَ رَبَّهُمْ خَوْفًا وَطَمَعًا وَمِمَّا رَزَقْنَاهُمْ يُنفِقُونَ فَلَا تَعْلَمُ نَفْسٌ مَّا أُخْفِيَ لَهُم مِّن قُرَّةِ أَعْيُنٍ جَزَاء بِمَا كَانُوا يَعْمَلُونَ

বাংলা অর্থ ঃ তারা (রাতে) শয্যা ত্যাগপূর্বক (বসে যেত) নিজ প্রতিপালকের যিকর ও (মোরাকাবায়) মনের ভিতর (প্রভুর সন্তুষ্টি প্রাপ্তির) আশা আকাঙ্খা ও (অসন্তুষ্টির) ভয় ভীতি নিয়ে। আর আমি তাদেরকে যেই রিযক দান করেছি তা থেকে তারা (আল্লাহর সন্তুষ্টির উদ্দেশ্যে) ব্যয় করে। মানুষ জানে না যে, তাদের জন্য (জান্নাতে) নয়ন প্রীতিকর কত সব (উচ্চমানের নিয়ামত) লুক্কায়িত রাখা আছে তাদের কৃতকর্মের পুরুস্কার হিসাবে। (সূরা সাজদা, আয়াত ১৬)

'লা ইলাহ ইল্লাল্লাহ' ⇨ 'লা ইলাহ ইল্লাল্লাহ' ⇨ 'লা ইলাহ ইল্লাল্লাহ'
মুহাম্মাদুর রাছূলুল্লাহ
ছাল্লাল্লাহু আলাইহি ওয়া ছাল্লাম
'আল্লাহু হাজেরী ⇨ আল্লাহু নাজেরী ⇨ আল্লাহু শাহেদী ⇨ আল্লাহু মায়ী'

عیش وعشرت سے دوعالم کے نہیں مطلب مجھے
چشم گریاں سینہ بریاں کر عطا یارب مجھے

আইশ ও ইশরাত ছে দো আলম কে নাহী মতলব মুঝে
চশমে গিরয়াঁ ছীনা বারিয়াঁ কার আতা ইয়া রাব্ব মুঝে

বাংলা অর্থ ঃ মাবূদ এলাহী! দোজাহানের আনন্দ ফূর্তির আকাঙ্খা আমার নয়। (আমি সেই ক্ষণস্থায়ী আরাম ভোগ করতে চাই না) ওগো প্রভু! তোমার সমীপে কান্না ও রোনাজারী করার মত চোখ আর (সেই রোনাজারীর দ্বারা) ভিজিয়ে রাখার মত বুক (দয়া করে) তুমি আমাকে দান ফরমাও।

কলবের মধ্যে নূর ও ইরফান লাভের জন্য এই যিকর আদায় করা হয় ঃ

اللَّهُمَّ اجْعَلْ فِي قَلْبِي نُورًا، وفِي سَمْعِي نُورًا، وفِي بَصَرِي نُورًا، وَعَنْ يَمِينِي نُورًا، وَعَنْ شِمَالِي نُورًا، وَأَمَامِي نُورًا، وَخَلْفِي نُورًا، وَفَوْقِي نُورًا، وَتَحْتِي نُورًا، وَاجْعَلْ لِي نُورًا، أَوْ قالَ: وَاجْعَلْنِي نُورًا.

বাংলা অর্থ ঃ আয় আল্লাহ! (দয়া করে) নূর দান ফরমাও আমার কলবের মধ্যে, নূর দান ফরমাও আমার কানের মধ্যে, নূর দান ফরমাও আমার চোখের মধ্যে, নূর দান ফরমাও আমার ডানদিকে, নূর দান ফরমাও আমার বামদিকে, নূর দান ফরমাও আমার সম্মুখের দিকে, নূর দান ফরমাও আমার পেছনের দিকে, নূর দান ফরমাও আমার উপরের দিকে, নূর দান ফরমাও আমার নীচের দিকে, নূর দান ফরমাও আমার গোটা আপাদমস্তকে, আমাকে পরিনত করে দাও নূরে। (সহীহ মুসলিম)

'লা ইলাহ ইল্লাল্লাহ' ⇨ 'লা ইলাহ ইল্লাল্লাহ' ⇨ 'লা ইলাহ ইল্লাল্লাহ'
মুহাম্মাদুর রাছূলুল্লাহ
ছাল্লাল্লাহু আলাইহি ওয়া ছাল্লাম
'আল্লাহু হাজেরী ⇨ আল্লাহু নাজেরী ⇨ আল্লাহু শাহেদী ⇨ আল্লাহু মায়ী'

نور عرفاں ومحبت دل میں بھر
ہر دو عالم سے ہمیں کر بے خبر

নূর ও ইরফানো মহাব্বত দিলমে ভর-
হারদো আলম ছে হামেঁ কার বেখবর

বাংলা অর্থ ঃ ওগো মাবূদ! (দয়া করে) আমার দিলকে তোমার পবিত্র নূর, ইরফান ও মহাব্বত দিয়ে সম্পূর্ণ ভাবে ভরে দাও। তোমাকে প্রাপ্তি ছাড়া দোজাহানের অন্য সবকিছু থেকে আমাকে সম্পূর্ণ উদাস ও অমনোযোগী বানিয়ে দাও।

علم وعرفاں سے سینہ مرا معمور کر

جام تسلیم ورضا سے مست کر مسرور کر

ইলম ও ইরফান ছে ছীনা মেরা মা'মূর কর
জামে তাছলীমো রেযা ছে মাস্ত কার মাছরূর কার

বাংলা অর্থ ঃ ওগো মাবুদ! সকল জাহেরী ও বাতেনী জ্ঞান ও গভীর উপলব্ধিতার দ্বারা তুমি আমার বক্ষকে মহিমান্বিত করে দাও। আমাকে তোমার প্রতি তাসলীম (তোমার সকল ফয়সালায় আত্মসমর্পণ পূর্বক মেনে যাওয়া, কোন কৈফিয়ত না থাকা) ও রেযা (পূর্ণ সন্তুষ্টচিত্ত) -এর সুরা পানে পাগলপারা করে দাও।

ইশক ও মহাব্বতের তলব নিয়ে এই যিকর আদায় করতে হয় ঃ

وَالَّذِينَ آمَنُوا أَشَدُّ حُبًّا لِلّه

বাংলা অর্থ ঃ কিন্তু যারা ঈমান গ্রহণ করেছে (অর্থাৎ পয়গাম্বরের সাহাবীগণ) আল্লাহর প্রতি তাদের প্রেম ভালবাসা অত্যন্ত সুদৃঢ়। (সূরা বাকারা, আয়াত ১৬৫)

ثَلاثٌ مَن كُنّ فيه وجَدَ حَلاوَةَ الإيمانِ: أنْ يَكونَ اللّه ورَسولُهُ أحَبّ إلَيْهِ ممّا سِواهُما، وأَنْ يُحِبّ المَرْءَ لا يُحِبُّهُ إلّا لِلّه، وأَنْ يَكْرَهَ أنْ يَعُودَ في الكُفْرِ كما يَكْرَهُ أنْ يُقْذَفَ في النّارِ

বাংলা অর্থ ঃ তিনটি জিনিস যার মধ্যে থাকে সে বান্দা ঈমানের প্রকৃত স্বাধ আহরন করে থাকে। এক. তার মনে আল্লাহ ও তাঁর রাসূলের প্রতি ভালবাসা অন্য সবকিছুর ভালবাসা থেকে অধিক হওয়া। দুই. কাউকে স্রেফ আল্লাহরই সন্তুষ্টির জন্য মুহাব্বত করা। তিন. কুফরির দিকে ফিরে যাওয়া আগুনে ঝাঁপ দেওয়ার মত অপছন্দ হওয়া। (সহীহ বুখারী)

'লা ইলাহ ইল্লাল্লাহ' ⇨ 'লা ইলাহ ইল্লাল্লাহ' ⇨ 'লা ইলাহ ইল্লাল্লাহ'

মুহাম্মাদুর রাছূলুল্লাহ
ছাল্লাল্লাহু আলাইহি ওয়া ছাল্লাম

‘আল্লাহু হাজেরী ⇨ আল্লাহু নাজেরী ⇨ আল্লাহু শাহেদী ⇨ আল্লাহু মায়ী’

شراب محبت بلا دے خدایا
محبت کی آتش جلا دے خدایا

শরাবে মুহাব্বত পিলা দে খোদায়া-
মুহাব্বত কী আতিশ জালা দে খোদায়া

বাংলা অর্থ ঃ ওগো মাবূদ! আমার কলবকে তুমি তোমার ইশক ও মুহাব্বতের (অপরিমেয়) সুরা পান করিয়ে দাও। সেখানে তুমি তোমার ইশক ও মুহাব্বতের আগুন জ্বালিয়ে দাও।

محبت سے تیری متا دے خدایا
تیرے در سے ھم کو لگا دے خدایا

মুহাব্বত ছে তেরে মিটা দে খোদায়া-
তেরে দার ছে হামকো লাগা দে খোদায়া

বাংলা অর্থ ঃ ওগো মাবূদ! আমার কলবের মধ্যে ইশক ও মুহাব্বতের এমন আগুন জ্বালিয়ে দাও যদ্বারা আমার সকল অস্তিত্ব যেন পুড়ে নিশ্চিহ্ন হয়ে যায়। (আর কেবল তোমার প্রেম আর ভালবাসাই যেন সেখানে অবশিষ্ট থাকে)

محبت اپنے مجھکو اۓ خدا دے
مجھے بھی جام الفت یک پلا دے

মুহাব্বত আপনি মুঝকো আয় খোদা দে
মুঝেভী জামে উলফত এক পিলা দে

বাংলা অর্থ ঃ ওগো মাবূদ! তোমার ইশক ও মহাব্বত আমাকে দান ফরমাও। (দুনিয়ার কত মানুষকে তুমি এই দৌলত দান করেছো) আমাকেও সেই ভালবাসার এক পিয়ালা পান করতে সুযোগ করে দাও।

مجھے کھویا مرے خرد و عقل نے
الٰھی مجھے اپنا دیوانہ بنا دے

মুঝে খোয়া মেরে খিরদ ও আকল নে
এলাহী মুঝে আপনা দিওয়ানা বানা দে

বাংলা অর্থ ঃ মাবূদ! আমাকে বস্তুত বরবাদ করে রেখেছে আমার ত্রুটিযুক্ত জ্ঞান ও বিবেক। ওগো এলাহী! আমাকে তোমার প্রতি পাগল দিওয়ানা বানিয়ে দাও।

আল্লাহ পাকের মহাব্বত লাভ করাই যিকরের একমাত্র উদ্দেশ্য ঃ

ولا يزال عبدي يتقرّب إلي بالنّوافل حتى أحبّه، فإذا أحببتُه كنت سمعه الذي يسمع به، وبصره الذي يبصر به، ويده التي يبطش بها، ورِجْله التي يمشي بها، ولئن سألني لأعطينّه، ولئن استعاذني لأعيذنّه

বাংলা অর্থ ঃ আমার বান্দা যখন (যিকর আযকার ও) নফল ইবাদতের দ্বারা আমার নৈকট্য লাভের ধারাবাহিক মেহনত চালাতে থাকে তখন (এক পর্যায়ে) আমিও তাকে আমার প্রিয়বান্দা হিসাবে কবূল করে নেই। (আমিও তাকে মুহাব্বত করতে থাকি) আর আমি যখন মুহাব্বত করতে থাকি তখন (এক পর্যায়ে) আমার কুদরত ও শক্তি তার কর্ণে (শ্রবণ শক্তিতে) পরিনত হয়ে যায় যদ্বারা সে শ্রবণ করে, তার চোখে পরিনত হয় যদ্বারা সে দর্শণ করে, তার হস্তে পরিনত হয়ে যায় যদ্বারা সে ধরার কাজ করে, তার পায়ে পরিনত হয়ে যায় যদ্বারা সে হাঁটা চলাফেরা করে। এ পর্যায়ে যারা পৌঁছে যায় তারা তখন যদি আমার কাছে কোন দুআ করে আমি অবশ্যই অবশ্যই তাদের দুআ কবূল করে

লই। তারা কোন জিনিস থেকে বাঁচার জন্য আমার কছে পানাহ চাইলে অবশ্যই অবশ্যই আমি তাদের পানাহ দেই। (সহীহ বুখারী)

قالَ إذا أحبَّ الله العبد نادى جبريل إن الله يحبّ فلاناً فأحببه فيحبّه :
جبريل فينادي جبريل في أهل السماء إن الله يحبّ فلانا فأحبّوه فيحبّه
أهل السّماء ثم يوضع له القبول في الأرض

বাংলা অর্থ ঃ মহানবী সা. আরো বলেন, আল্লাহ পাক যখন কোন বান্দাকে মুহাব্বত করেন তখন (ফেরেশতাদের সর্দার) হযরত জিব্রীল আ. কে ডেকে বলেন যে, মহান আল্লাহ অমুক ব্যক্তিকে মুহাব্বত করেন। কাজেই জিব্রীল তুমিও তাকে মুহাব্বত করো। ফলে হযরত জিব্রীলও তাকে মুহাব্বত করতে থাকে। জিব্রীল তখন আকাশের বাসিন্দাদের ঘোষণা দিয়ে দেন যে, মহান আল্লাহ অমুক ব্যক্তিকে মুহাব্বত করেন কাজেই তোমরাও তাকে মুহাব্বত করো। অতএব আকাশের ফেরেশতারাও তখন তাকে মুহাব্বত করতে থাকে। আর এই মুহাব্বতেরই প্রভাবে ভূপৃষ্ঠে অবস্থিত সকল সৃষ্টির মধ্যে তার একটা ব্যপক গ্রহণযোগ্যতা ও সম্মান তৈয়ার হয়ে যায়।

للّٰهُمَّ إني أسألك حبك وحب من يحبك، وكل عمل يقربني إلى حبك

বাংলা অর্থ ঃ আয় আল্লাহ! আমি তোমার কাছ থেকে পেতে চাই তোমার মুহাব্বত, তোমাকে যারা মুহাব্বত করে তাদের মুহাব্বত এবং সে সব আমল আখলাকের মুহাব্বত যা আমার জন্য নিকটবর্তী (সাকসেস) করে দেয় তোমার মুহাব্বতের প্রাপ্তিকে।

'লা ইলাহ ইল্লাল্লাহ' ⇨ 'লা ইলাহ ইল্লাল্লাহ' ⇨ 'লা ইলাহ ইল্লাল্লাহ'
মুহাম্মাদুর রাছূলুল্লাহ
ছাল্লাল্লাহু আলাইহি ওয়া ছাল্লাম
'আল্লাহু হাজেরী ⇨ আল্লাহু নাজেরী ⇨ আল্লাহু শাহেদী ⇨ আল্লাহু মায়ী'

نہ عزت کی تمنے ہے نہ دولت کی مجھے خواہش
تیرے در کا بنا دیوانہ مجھکو اے مرے مولی

না ইজ্জত কী তামান্না হ্যায় না দওলত কী মুঝে খাহিশ
তেরে দার কা বানা দিওয়ানা মুঝকো আয় মেরে মাওলা

বাংলা অর্থ ঃ ওগো মাবূদ! আমি দুনিয়ার তুচ্ছ মান-সম্মান প্রাপ্তির আশা করি না, আর আমি ধন দৌলত লাভেরও কাঙ্গাল নই। তোমার দুয়ারে দাঁড়ানো তোমার রহমত প্রাপ্তির এক পাগল দিওয়ানা হিসাবে আমাকে কবুল করে লও, ওগো মাওলা।

نہ راحت کا تقاضے ہے نہ خواہش کی غلامی
تیرے در کا بنا مستانہ مجھکو اے مرے مولی

না রাহাত কা তাকাযা হ্যায় না খাহিশ কী গোলামী
তেরে দার কা বানা মস্তানা মুঝকো আয় মেরে মাওলা

বাংলা অর্থ ঃ ওগো মাবূদ! আমি জাগতিক সুখ-সমৃদ্ধির আশা করি না, আর নাফসের খাহেশ পুরনেরও লালায়িত নই। আমার আকাঙ্খা - তোমার রহমতের দুয়ারে দাঁড়ানো একজন মাস্ত ও দিওয়ানা হিসাবে আমাকে কবুল করে লও, ওগো মাওলা।

نہ پیری کی ضرورت ہے نہ شیخی کی مجھے حاجت
ترے آتش کا پروانہ بنا مجھکو مرے مولی

না পীরী কী জরূরত হ্যায় না শায়খী কী মুঝে হাজত
তেরে আতিশ কা পরওয়ানা বানা মুঝকো মেরে মাওলা

বাংলা অর্থ ঃ ওগো মাবূদ! মানুষের কাছে বড় পীর হিসাবে পরিচিত হওয়ার প্রয়োজন আমার নেই। আর শায়খে তরীকত হওয়ার বাসনাও আমি

রাখি না। তোমার মহাব্বতের আগুনের চতুর্দিকে আত্মহুতি দেওয়া পোকা হয়ে থাকতে চাই। দয়া করে কবুল করো, ওগো আমার মাওলা।

جسے چاہے تو دے دولت مجھے مست محبت کر
کدہر باغ محبت ہے بتا مجھکو مرے مولی

জিছে চাহে তুদে দওলত মুঝে মাস্তে মুহাব্বত কার
কিধার বাগে মুহাব্বত হ্যায় বাতা মুঝকো মেরে মাওলা

বাংলা অর্থ ঃ ওগো মাবূদ! তোমার যাকে ইচ্ছা তাকে দিয়ে দাও মাল দৌলতের খাযানা। আর আমাকে দাও তোমার মুহাব্বতের পাগলামী, মুহাব্বতের ঐ বাগান কোন দিকে রেখেছো মাবূদ! সেই পথ আমাকে দেখাও।

حب حق حب الهی حب مولی حب رب
الغرض کر دے مجھے محو محبت سب کے سب

হোব্বে হাক্ক হোব্বে এলাহী হোব্বে মাওলা হোব্বে রাব্ব
আলগারাজ কার দে মুঝে মাহবে মুহাব্বত ছবকে ছব

বাংলা অর্থ ঃ ওগো মাবূদ! আমাকে দান করো হক্কের মুহাব্বত, এলাহীর মুহাব্বত, মাওলার মুহাব্বত আর রব্বের মুহাব্বত- মোটকথা আমাকে সর্ব প্রকারের মুহাব্বত দ্বারা বিগলিত করে দাও।

মাশুকানা আনুগত্য নিয়ে এই যিকর আদায় করতে হয় ঃ

قُلْ إِنَّ صَلَاتِي وَنُسُكِي وَمَحْيَايَ وَمَمَاتِي لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ

বাংলা অর্থ ঃ বল আমার নামায, আমার কুরবানী, আমার জীবন, আমার মরণ (আমার সবই) সমর্পিত আল্লাহর জন্য যিনি জগৎসমূহের প্রতিপালক। (সূরা আনআম, আয়াত ১৬২)

وَلَا تَرْكَنُوا إِلَى الَّذِينَ ظَلَمُوا فَتَمَسَّكُمُ النَّارُ وَمَا لَكُم مِّن دُونِ اللَّهِ مِنْ أَوْلِيَاءَ ثُمَّ لَا تُنصَرُونَ

বাংলা অর্থ ঃ (সাবধান!) তোমরা (বিন্দুমাত্রও) ঝুকবে না জালিমদের দিকে; ঝুকলে জাহান্নাম তোমাদেরকে স্পর্শ করে ফেলবে। আর সেই অবস্থায় আল্লাহ ব্যতীত তোমাদের কোন অভিভাবক থাকবে না। তখন তোমাদেরকে আর সাহায্যও করা হবে না। (সূরা হূদ, আয়াত ১১৩)

'লা ইলাহ ইল্লাল্লাহ' ⇨ 'লা ইলাহ ইল্লাল্লাহ' ⇨ 'লা ইলাহ ইল্লাল্লাহ'
মুহাম্মাদুর রাছূলুল্লাহ
ছাল্লাল্লাহু আলাইহি ওয়া ছাল্লাম
'আল্লাহু হাজেরী ⇨ আল্লাহু নাজেরী ⇨ আল্লাহু শাহেদী ⇨ আল্লাহু মায়ী'

دل میرا بن جائے یک میدان ہو

توہی تو ہو توہی تو ہو توہی تو

দিল মেরা বনজায়ে এক ময়দান হো-
তূহী তূ হো তূহী তূ হো তূহী তূ

বাংলা অর্থ ঃ ওগো মাবুদ! আমার কলবকে তুমি (একান্ত তোমারই বিচরণ ক্ষেত্র) বানিয়ে দাও; যেন এ এক উম্মুক্ত ময়দান যেখানে কেবল তুমিই আছো, তুমিই আছো, তুমিই আছে। (সেখানে তুমি ছাড়া আর অন্য কেউ নেই)

اور میرے تن میں بجائے آب و گل

درد دل ہو درد دل ہو درد دل

আউর মেরে তনমে বজায়ে আব ও গিল
দরদে দিল হো দরদে দিল হো দরদে দিল

বাংলা অর্থ ঃ ওগো মাবূদ! আমার ফরিয়াদ, আর আমার শরীরে মাটি ও পানির অংশ বলতে যা আছে সব সরিয়ে দাও, সেখানে স্থাপিত হতে দাও শুধু তোমারই দরদ ও ভালবাসা, তোমারই দরদ ও ভালবাসা, তোমারই দরদ ও ভালবাসা।

یا الٰہی مجھکو مجھ سے دور کر
تا کہ دیکھوں مجھ میں تجھکو یک نظر

ইয়া এলাহী মুঝকো মুঝছে দূর কার
তা কে দেখোঁ মুঝমে তুঝকো এক নজর

বাংলা অর্থ ঃ ওগো এলাহী! আমার ফরিয়াদ, আমার মন থেকে আমার নিজ অস্তিত্বের কল্পনাকেও দূরে সরিয়ে দাও। (যেন মনের মধ্যে কোন কিছুই অবশিষ্ট না থাকে। আর) যেন অন্তত একবারের জন্য হলেও আমি সেই মনের আয়নায় কেবল তোমাকেই দেখতে পাই, তোমাকেই দেখতে পাই।

ہر چہ بینم در جہاں غیر تو نیست
یا توئی یا خوئے تو یا بوئے تو

হারচে বীনাম দার জাহাঁ গায়রে তূ নীস্ত
ইয়া তূয়ী ইয়া খোয়ে তূ ইয়া বুয়ে তূ

বাংলা অর্থ ঃ ওগো এলাহী! (আমার চোখকে তুমি এমন বানিয়ে দাও, যে) এই জগৎ সংসারে তুমি ছাড়া আমার নজরে আর অন্য কিছু দেখা যায় না। যা দেখি সেটি হয়ত স্বয়ং তুমি, কিংবা তোমারই কোন মেহেরবানী, কিংবা তোমারই কোন সুঘ্রান।

কলবের মধ্যে ইশকে রাসূল সৃষ্টির জন্য এই যিকর করা হয় ঃ

قُلْ إِنْ كَانَ آبَاؤُكُمْ وَأَبْنَاؤُكُمْ وَإِخْوَانُكُمْ وَأَزْوَاجُكُمْ وَعَشِيرَتُكُمْ وَأَمْوَالٌ اقْتَرَفْتُمُوهَا وَتِجَارَةٌ تَخْشَوْنَ كَسَادَهَا وَمَسَاكِنُ تَرْضَوْنَهَا أَحَبَّ إِلَيْكُمْ مِنَ اللَّهِ وَرَسُولِهِ وَجِهَادٍ فِي سَبِيلِهِ فَتَرَبَّصُوا حَتَّى يَأْتِيَ اللَّهُ بِأَمْرِهِ وَاللَّهُ لا يَهْدِي الْقَوْمَ الْفَاسِقِينَ

বাংলা অর্থ ঃ বল, (হে মুমিনগণ!) যদি তোমাদের কাছে আল্লাহ, তাঁর রাসূল (মুহাম্মদ সা.) এবং আল্লাহর পথে জিহাদ করা অপেক্ষা অধিক প্রিয় হয়ে থাকে তোমাদের পিতা-মাতা, তোমাদের সন্তান- সন্ততি, তোমাদের ভাই-বেরাদর, তোমাদের স্ত্রী কন্যা, তোমাদের গোত্র- গোষ্টি, তোমাদের অর্জিত সহায় সম্পদ, তোমাদের ব্যবসা বানিজ্য- যা মন্দাবস্থায় পড়ার আশংকায় তোমরা থাকো, তোমাদের বাসস্থান- যা তোমরা খুব পছন্দ করো, তবে অপেক্ষা করো আল্লাহর নির্দেশ (কঠিন আযাব) আসার; (মনে রেখো) আল্লাহ সত্যত্যাগী ফাসিকদলকে কখনো হেদায়েত নসীব করেন না। (সূরা তাওবা, আয়াত ২৪)

لَا يُؤْمِنُ أَحَدُكُمْ حتّى أكُونَ أحَبَّ إلَيْهِ مِن والِدِهِ ووَلَدِهِ والنّاسِ أجْمَعِينَ

বাংলা অর্থ ঃ (আল্লাহর হাবীব সা. বলেন) তোমাদের কেউ ততক্ষণ পর্যন্ত পরিপূর্ণ ঈমানদার বিবেচিত হবে না যতক্ষণ না তার মনের ভিতর আমি (মুহাম্মদ মুস্তফা সা.) অধিকতর প্রিয় হবো- তার নিজ পিতা অপেক্ষা, তার মাতা অপেক্ষা, এমনকি সকল মানুষ অপেক্ষা। (সহীহ বুখারী)

عشق محبوب خدا جس دل میں حاصل نہیں
لاکھو مومن ہو مگر ایماں میں کامل نہیں

ইশকে মাহবূবে খোদা জিছ দিল মে হাসিল নাহী
লাখো মুমিন হো মগর ঈমান মেঁ কামিল নাহী

বাংলা অর্থ ঃ (ওগো মাওলা! আমাদের কলবের মধ্যে তোমার হাবীব হযরত মুহাম্মদ মুস্তাফা সা. এর মুহাব্বত ও ভালবাসা খুব বৃদ্ধি করে দাও, কারণ) যে বান্দার মনের ভিতর তোমার এই প্রিয় রাসূলের প্রতি ভালবাসা নেই, হাজার বার কলেমা শরীফ পড়লেও সে তো পূর্ণাঙ্গ মুমিন বিবেচিত হতে পারে না।

محمد کی محبت دین حق کی شرط اول ہے
اسی میں ہو اگر خامی تو ایماں نہ مکمل ہے

মুহাম্মাদ কী মুহাব্বত দীনে হক্ক কী শর্তে আউয়াল হ্যায়
উছী মেঁ হো আগার খামী তু ঈমাঁ না মুকাম্মাল হ্যায়

বাংলা অর্থ ঃ (মনের ভিতর) মুহাম্মাদুর রাসূলুল্লাহ সা. এর প্রতি গভীর প্রেম ও ভালবাসা বিদ্যমান থাকা দীনদারীর ক্ষেত্রে বিশুদ্ধ হওয়ার জন্য প্রথম শর্ত। এখানে যদি কারো কোন ত্রুটি রয়ে গেল তাহলে তার ঈমান পরিপূর্ণ হল না।

যিয়ারতে হারামাইনের আকাঙ্খা নিয়ে এই যিকর আদায় করতে হয় ঃ

نہ امریکہ نہ لندن سے ہو الفت
ہمیں مست مدینہ کر خدایا

না আমরিকা না লন্ডন ছে হো উলফৎ-
হামে মাস্তে মদীনা কার খোদায়া

বাংলা অর্থ ঃ মাবূদ! আমি আমার মনের ভিতর আমেরিকা বা লন্ডনের ভালবাসা চাই না। দয়া করে আমাদের তুমি মদীনার পাগল বানিয়ে দাও; ওগো খোদা।

نہ جاپاں سے نہ جرمن سے ہو نسبت

ہمیں عشاق کعبہ کر خدایا

না জাপাঁ ছে না জার্মান ছে হো নিসবত-
হামে উশশাকে কা'বা কার খোদায়া

বাংলা অর্থ ঃ মাবূদ! মনের ভিতর জাপান কিংবা জার্মানের সম্পর্ক চাই না। দয়া করে আমাদেরকে মক্কা মুকাররমার আশিক বানিয়ে দাও; ওগো মাওলা।

আকাবির ও আসলাফের মুহাব্বত হাসিলের জন্য এই যিকর করা হয় ঃ

وَيَوْمَ يَعَضُّ الظَّالِمُ عَلَىٰ يَدَيْهِ يَقُولُ يَا لَيْتَنِي اتَّخَذْتُ مَعَ الرَّسُولِ سَبِيلًا يَا وَيْلَتَىٰ لَيْتَنِي لَمْ أَتَّخِذْ فُلَانًا خَلِيلًا لَقَدْ أَضَلَّنِي عَنِ الذِّكْرِ بَعْدَ إِذْ جَاءَنِي وَكَانَ الشَّيْطَانُ لِلْإِنْسَانِ خَذُولًا

বাংলা অর্থ ঃ পাপী লোকেরা সেদিন (হাশরের ময়দানে) নিজ হস্তদ্বয় দংশন করবে আর বলবে, হায়, আপসুস! আমি রাসূলের সঙ্গী হয়ে সৎপথ অবলম্বন করতাম। হায়, আজ আমার এত দুর্ভোগ! আমি যদি (দুনিয়ায়) অমুককে বন্ধুরূপে গ্রহণ না করতাম। সে তো আমাকে বিভ্রান্ত করেছে আমার কাছে উপদেশ (আল কুরআন) পৌঁছার পর। কোন সন্দেহ নেই, শয়তান হল মানুষের জন্য মহাপ্রতারক। (সূরা ফুরকান, আয়াত ২৭-২৯)

وَمَن يُطِعِ اللَّهَ وَالرَّسُولَ فَأُولَٰئِكَ مَعَ الَّذِينَ أَنْعَمَ اللَّهُ عَلَيْهِم مِّنَ النَّبِيِّينَ وَالصِّدِّيقِينَ وَالشُّهَدَاءِ وَالصَّالِحِينَ ۚ وَحَسُنَ أُولَٰئِكَ رَفِيقًا

বাংলা অর্থ ঃ আর যে বান্দা (দুনিয়ার জীবনে) আল্লাহ ও রাসূলের আনুগত্য করে সে (হাশরের দিন) সঙ্গী হবে সকল নবী, সিদ্দীক, শহীদ ও আল্লাহ ওয়ালা মানুষ- যাদের প্রতি আল্লাহ তার অনুগ্রহ দান করেছেন; বস্তুত এরা কত উত্তম সঙ্গী। (সূরা নিসা, আয়াত ৬৯)

يا رَسولَ اللَّهِ، كيفَ تَقُولُ في رَجُلٍ أحَبَّ قَوْمًا ولَمْ يَلْحَقْ بهِمْ؟ فَقالَ رَسولُ اللَّهِ
صَلَّى اللهُ عليه وسلَّمَ :المَرْءُ مع مَن أحَبَّ

বাংলা অর্থ ঃ (জিজ্ঞাস করা হল) ইয়া রাসূলাল্লাহ! কোন বান্দা যে কোন দলকে তাদের সাথে যুক্ত না হয়েও তাদেরকে মুহাব্বত করে চলে সে বান্দা সম্পর্কে কি বিধান? রাসূলুল্লাহ সা. বললেন, মানুষ যাকে মুহাব্বত করে সে তার সঙ্গী হিসাবে গন্য। (সহীহ মুসলিম)

‘লা ইলাহ ইল্লাল্লাহ’ ⇨ ‘লা ইলাহ ইল্লাল্লাহ’ ⇨ ‘লা ইলাহ ইল্লাল্লাহ’
মুহাম্মাদুর রাছূলুল্লাহ
ছাল্লাল্লাহু আলাইহি ওয়া ছাল্লাম
‘আল্লাহু হাজেরী ⇨ আল্লাহু নাজেরী ⇨ আল্লাহু শাহেদী ⇨ আল্লাহু মায়ী’

خاک پائے دردمنداں کر مجھے
سینہ بریاں چشم گریاں کر مجھے

খাক পায়ে দরদেমান্দাঁ কার মুঝে
ছীনা বারিয়াঁ চশমে গিরয়াঁ কার মুঝে

বাংলা অর্থ ঃ ওগো মাবূদ! আমাকে তোমার পরম প্রিয় বান্দাদের খেদমতকারী, সান্নিধ্য লাভকারী, জীবন উৎসর্গকারী হিসাবে বানিয়ে দাও। আমাকেও তাঁদের মত (তোমার ইশক ও মুহাব্বতে) ব্যথিত অন্তর ওয়ালা আর কান্নাকারী চোখ ওয়ালা বানিয়ে দাও।

عشق کی راہ میں ہوئے جو اولیاء اکثر شہید
خنجر تسلیم سے اپنے مجھے بھی کر شہید

ইশক কী রাহ মে হুয়ে জু আওলিয়া শহীদ
খান্‌জরে তাছলীম ছে আপনে মুঝে ভী কার শহীদ

বাংলা অর্থ ঃ মাবূদ! ওগো মাবূদ! তোমার ইশক ও মহাব্বতের যেই আগুনে পুড়ে জগতের অলি আওলিয়াদের অধিকাংশই শহীদ হয়ে গিয়েছেন- প্রভু! আমাকেও তাঁদের মত কবূল করে লও। তোমার ইশক ও মুহাব্বতের আগুনে পুড়িয়ে ছারখার করে দাও। সকল পরিস্থিতিতে তোমার প্রতি প্রশ্নহীন আনুগত্য ধরে রাখার সেই ধারালো খঞ্জরের তলে আমাকেও করে দাও সেই শহীদ।

এই যিকর আদায় করতে হয় দীদারে মাওলার আকাঙ্খা নিয়ে ঃ

زندگی گذری ہے تیرے دیدار کے امید میں
اب تو پیری آگئی ہے رحم فرمااے خدا

যিন্দেগী গুযরী হ্যায় তেরে দীদার কী উম্মীদ মে
আব তো পীরী আগেয়ী হ্যায় রহম ফরমা আয় খোদা

বাংলা অর্থ ঃ (ওগো মাওলা! দুনিয়ার) জীবন খতম হয়ে গেল তোমার দীদার পাওয়ার আশায় আশায়। এখন তো চলে আসলো বার্ধক্য (কি উপায় হবে আমার) ওগো খোদা! আমার প্রতি একটু দয়া করো, রহম ফরমাও।

جسم میں طاقت نہیں دل میں ہمت نہیں
اے دماغ آفت رسیدہ رحم فرمااے خدا

জিসিম মে তাকাত নাহী দিল মে হিম্মৎ নাহী
আয় দেমাগ আফত রাছীদা রহম ফরমা আয় খোদা

বাংলা অর্থ ঃ আমর শরীরে শক্তি খতম হয়ে গিয়েছে, মনের মধ্যেও সেই বল নেই, দেমাগের মধ্যেও ঢুকে গিয়েছে নানা রকমের দুর্বলতা। (কি উপায় হবে আমার) ওগো খোদা! আমার প্রতি একটু দয়া করো, একটু রহম ফরমাও।

خیال ماسوی باشد نمارا
زہر مو کن تجلی آشکارا

খেয়ালে মা ছিওয়া বাশদ নমা রা-
যে হার মো কুন তাজাল্লী আশেকারা

বাংলা অর্থ ঃ ওগো এলাহী! (আমি চাই) আমার ধ্যান ধারনার জগতে তুমি ছাড়া আর অন্য কিছু যেন অবশিষ্ট না থাকতে পারে। আমার প্রতিটি পশমের গোড়া থেকে যেন (হর হামেশা) প্রতিভাত হয়ে উঠে তোমারই কুদরতের ছায়া।

মাওলার দীদার প্রাপ্তির জন্য আশিকের কী অপরিসীম আকাঙ্খা ঃ

رہا پردئے دا میں میرے یارے نہاہو کر
ذرا تو جلوی گر ہو جا تو آنکھوں میں عیاں ہو کر

রাহা পর্দায়ে দা মে মেরে ইয়ারে নেহা হো কার
যারা তূ জালওয়াগার হো জা তূ আঁখোঁ মেঁ আয়াঁ হো কার

বাংলা অর্থ ঃ নিজেকে আড়াল করে রাখার কঠিন পর্দায় লুকিয়ে রয়েছেন আমার আল্লাহ, আমার প্রেমাস্পদ মাওলা আমার কাছ থেকে। ওগো মাবূদ! আড়াল ভেঙ্গে বেরিয়ে তো আসো, যেন তোমাকে দেখি একটু সুস্পষ্ট নয়নে।

ہے تو میرے پاس ہر دم لیک میں اندھا پر
بخش وہ نور بصیرت جس سے تو آوے نظر

হ্যায় তূ মেরে পাছ হার দম লেকে মাঁয় আন্ধা পর
বখশ ওহ নূরে বছীরত যেছ তূ আবে নজর

বাংলা অর্থ ঃ ওগো এলাহী! তুমি সর্বদা আমার আশে পাশে বিদ্যমান থাকো (তুমি সর্বত্র বিরাজমান) কিন্তু আমি যে কঠিন অন্ধ, গুনাহগার। (তোমার কুদরতের কিছুই যে আমি দেখি না) মাবুদ! দয়া করে আমাকে সেই অন্তর্চোখ দান করে যদ্দারা তুমি চলে আসবে আমার দৃষ্টির ভিতর।

میرے دل سے پردہ اٹھادے خدایا
تو اپنا تجلی دکھادے خدایا

মেরে দিল ছে পর্দা উঠা দে খোদায়া-
তু আপনা তাজাল্লী দেখা দে খোদায়া

বাংলা অর্থ ঃ ওগো আমার খোদা! আমার দিলের উপর থেকে তোমাকে না দেখার সেই পর্দা একটু সরিয়ে দাও। দয়া করে তোমার অপার তাজাল্লী আমাকে দেখতে সুযোগ করে দাও।

یاالہی کب تلک میں کوبکو پھرتا رہوں
تیرے در کو چھوڑ کر میں سوبسو گھومتا رہوں

ইয়া এলাহী কব তলক মাঁয় কোবকো ফেরতা রাহোঁ
তেরে দার কো ছোড় কার মায়ঁ ছো বছো গুমতা রাহোঁ

বাংলা অর্থ ঃ মাবূদ এলাহী! আর কত কাল নাগাদ আমি এদিক সেদিক ফিরতে থাকবো! তোমার দুয়ার বঞ্চিত হয়ে অন্যের দুয়ারে দুয়ারে ঘুরতে থাকবো!

یک عنایت کی نظر میری طرف کرد یجئے
سینہ میرا نور عرفاں سے ذرا بھر د یجئے

এক ইনায়েত কী নজর মেরী তরফ কার দীজিয়ে
ছীনা মেরা নূর ও ইরফাঁ ছে যারা ভর দীজিয়ে

বাংলা অর্থ ঃ মাবূদ এলাহী! আমার দিকে একবার দয়া ও মেহেরবানীর দৃষ্টি দান করুন। আমার বক্ষকে আপনার নূর ও ইরফান দ্বারা ভরে দিন।

مال دولت کی ہوس دل سے نکال
دل کو پر انوار کر اے ذوالجلال

মাল ও দৌলত কী হাউছ দিল ছে নেকাল
দিল কো পুর আনওয়ার কার আয় যুল জালাল

বাংলা অর্থ ঃ মাবূদ এলাহী! ধন সম্পদের আকর্ষণ দিল থেকে বের করে দাও। ওগো মহা পরাক্রমশালী! আমার দিলকে নূরে নূরান্বিত করে দাও।

دل ہو آئینہ تیرے دیدار کا
سر جھکا کے دیکھ لوں تیرا جمال

দিল হো আয়েনা তেরে দীদার কা-
ছার ঝুকা কে দেখ লোঁ তেরা জামাল

বাংলা অর্থ ঃ মাবূদ এলাহী! আমার দিলকে তোমাকে দেখায় আয়নায় পরিনত করে দাও। যেন মস্তক ঝুকানো মাত্র তোমার সৌন্দর্য দৃষ্টিতে চলে আসে।

کب تلک پھر تا رہوں میں دربدر
اے خدا اب تو لگا دے راہ پر

কব তলক ফেরতা রাহোঁ মাঁয় দর বদর
আয় খোদা আব তু লাগা দে রাহ পর

বাংলা অর্থ ঃ মাবূদ! আর কত কাল পথহারা হয়ে ফিরতে থাকবো দুয়ারে দুয়ারে। ওগো খোদা! এক্ষণ যুক্ত করে দাও সঠিক পথের সাথে।

کر لیا تونے ولی بندے ہزار
ہمکو بھی اپنا بنا لے کردگار

কার লিয়া তু নে ওলী বান্দে হাযার
হামকো ভী আপনা বানা লে কারদেগার

বাংলা অর্থ ঃ মাবূদ! কত হাজার বন্দাকে তুমি তোমার ওলী বানিয়ে দিয়েছো (নিজ অনুগ্রহে)। ওহে কর্মসম্পাদনকারী! আমাদেরকেও তুমি নিজের মানুষ হিসাবে গ্রহণ করে নাও।

الھی تو راضی دو جہاں آباد
خدایا تو نراض دو جہاں برباد

এলাহী তু রাযী দো জাহাঁ আবাদ-
খোদায়া তু নারায দো জাহাঁ বরবাদ

বাংলা অর্থ ঃ মাবূদ এলাহী! তুমি আমার উপর সন্তুষ্ট তো আমার ইহজগৎ পরজগৎ সবই সফল। ওহে খোদা! তুমি অসন্তুষ্ট তো আমার সবই হয়ে গেল বরবাদ।

خیال ماسوای باشد نہ مارا
زہر موکن تجلی آشکارا

খেয়ালে মা ছেওয়া বাশাদ নমারা
যেহার মো কুন তাজাল্লী আশেকারা

বাংলা অর্থ ঃ মাবূদ! আমার চিন্তা ও খেয়ালের জগতে থেকে তুমি ছাড়া অন্য কেউ যেন না থাকে। আমার প্রতিটি পশমের গোড়া থেকে তুমি তোমার তাজাল্লী প্রতিভাত করে দাও।

زبانم را بذکر خود کشادی
دلم را ذوق یاد خویش داری

যবানাম রা বযিকরে খোদ কুশাদী
দিলাম রা যওকে ইয়াদে খেশে দারী

বাংলা অর্থ ঃ মাবূদ! আমার যবানকে তুমি তোমার যিকরের জন্য উম্মুক্ত করে দাও, আর আমার দিলকে তুমি তোমার মোরাকাবার আকর্ষণে সিক্ত করে রাখো।

مزہ توحید سے ہم کو چکھا دے
ترے اغیار سے ہم کو ہٹا دے

মযা তাওহীদে ছে হামকো চাখা দে
তেরে আগয়ার ছে হামকো হটা দে

বাংলা অর্থ ঃ মাবূদ! তোমার তাওহীদ (শরীক বিহীন অস্তিত্ব) ভিত্তিক ইবাদতের আনন্দ আমাকে আস্বাধন করতে দাও। তুমি ব্যতীত অন্য সব থেকে আমাকে পৃথক করে দাও।

تیرے اغیار سے ہم کو ہٹا کر
تیرے در سے لگا ہم کو خدایا

তেরে আগয়ার ছে হামকো ছোড়া কার
তেরে দার ছে লাগা হামকো খোদায়
া

বাংলা অর্থ ঃ মাবূদ! তোমার যারা আগয়ার (মানুষ যাদেরকে তোমার শরীক বানায়) তাদের থেকে আমাকে ছাড়িয়ে শুধু তোমারই দুয়ারে আমাকে লাগিয়ে রাখো।

تیرے سب اغیار سے اب رشتئے دل کاٹ دے
تیرے در کی حاضری دائم عطا کر اے قدیر

তেরে ছব আগয়ার ছে আব রেশতায়ে দিল কাট দে
তেরে দার কী হাজেরী দায়েম আতা কার আয় কাদীর

বাংলা অর্থ ঃ তোমার সকল আগয়ার থেকে এখন থেকে সব সম্পর্ক ছিন্ন করে দাও। আর একমাত্র তোমারই দুয়ারের হাজেরী সার্বক্ষণিকের জন্য আমাকে দান করো।

میں نہ ہوں غائب تیرے در سے کبھی اے مستعان
دل بتو مشغول کر دے اے خدائے دستگیر

মাঁয় না হো গায়েব তেরে দার ছে কাভী আয় মুস্তাআন
দিল বাতু মাশগূল কারদে আয় খোদায়ে দাস্তগীর

বাংলা অর্থ ঃ ওহে মদদকারী খোদা! আমি যেন তোমার দুয়ার থেকে কখনো অনুপস্থিত না থাকি। আমার দিলকে তোমার সাথেই বিযুক্ত করে রাখো ওগো সাহায্যকারী।

دوڑتا ہے دل بسوئے غیر تو وا حسرتا
دل کی حالت کو بدل دے اے خدائے بے نظیر

দৌড়তা হ্যায় দিল বছুয়ে গায়রে তু ওয়া হাছরাতা
দিল কী হালত কো বদল দে আয় খোদায়ে বে নযীর

বাংলা অর্থ ঃ (পাগলের মত) ছুটে চলছে আমার মন গাইরুল্লাহর (তোমাকে বাদ দিয়ে অন্যদের) দিকে, হায় হায় আপসূস। ওগো অনন্য মাবূদ! আমার দিলের এই মন্দ অবস্থা দয়া করে তুমি পরিবর্তিত করে দাও।

دل میں ہے ترجیح دنیائے دنی واویلتا
دل کو میرے کردے مائل سوئے عقبے اے بصیر

দিল মে হ্যায় তারজীহে দুনিয়ায়ে দনী ওয়া ওয়াইলাতা
দিল কো মেরে কার দে মায়িল ছুয়ে উকবা আয় বাছীর

বাংলা অর্থ ঃ হায় আপসূস, হায় আপসূস! আমার দিলের মধ্যে বসবাস করছে নিকৃষ্ট দুনিয়ার মায়া ও মোহ। ওগো চক্ষুষ্মান খোদা! আমার দিলকে দুনিয়া থেকে সরিয়ে আখিরাতের দিকে ঝুকিয়ে দাও।

آتش حقد و حسد ہے دل میں میرے شعلہ زن
بارش رحمت سے اسکو دے مٹا اے ذوالمنن

আতশে হাকদ ও হাছাদ হ্যায় দিল মে মেরে শো'লা যন
বারিশে রহমত ছে উছকো দে মিটা আয় যুল মানন

বাংলা অর্থ ঃ হিংসা ও বিদ্বেষের আগুন আমার মনে দাউ দাউ করে জ্বলছে। ওগো দয়াময় পরম দয়ালু! রহমতের বৃষ্টি বর্ষণ করে তা তুমি নিভিয়ে দাও।

فکر باطل کو ہٹا دے دل سے اے رب العلی
ذکر سے تیرے گذاروں روز و شب صبح و مساء

ফিকরে বাতিল কো হটা দে দিল ছে আয় রাব্বুল উলা
যিকর ছে তেরে গুযারোঁ রোয ও শব ছুবহো মাছা

বাংলা অর্থ ঃ পরম সম্মানিত প্রভু! আজেবাজে সকল চিন্তা ও ধ্যান আমার দিল থেকে সরিয়ে দাও। আমি যেন তোমার যিকর তোমার ধ্যান ও কল্পনায় কাটাতে পারি দিন রাত সকাল ও সন্ধা।

کر میرے دل سے تو یا واحد دوئی کا حرف دور
دل میں اور آنکھوں میں بھر دے سر بسر وحدت کا نور

কার মেরে দিল ছে তু ইয়া ওয়াহিদ দূয়ী কা হরফে দূর
দিল মেঁ আউর আঁখুঁ মে ভরদে ছার বছার ওয়াহদাত কা নূর

বাংলা অর্থ ঃ হে এক ও অদ্বিতীয় প্রভু! আমার দিল থেকে তুমি সকল দ্বিত্বচিন্তা দূর করে দাও। আমার দিলের মধ্যে এবং চোখের মধ্যে সর্বৈবভাবে তাওহীদের নূর দিয়ে ভরে দাও।

بلے سلطان معشو قاں غیورست
ز شرکت ملک معشوقی چہ دورست

বলে ছুলতানে মা'শূকাঁ গুয়ূরাস্ত-
যে শিরকত মুলকে মা'শূকী চে দূরাস্ত

বাংলা অর্থ ঃ হ্যাঁ সুলতানজী! মাশূকদল সর্বদা আত্মমর্যাদাশীল হয়ে থাকে। মাশূক জগতে অংশিদারী চিন্তা ভীষণ নিন্দিত ও পরিত্যাজ্য।

اے خدا مجھکو پلا وحدت کا جام
قلب میرا بن جائے بیت الحرام

আয় খোদা মুঝকো পিলা ওয়াহদাত কা জাম
কলব মেরা বনজায়ে বাইতুল হারাম

বাংলা অর্থ ঃ হে খোদা! আমাকে পান করাও তোমার ওয়াহদাতের পিয়ালা। আমার দিল যেন হয়ে যায় একমাত্র তোমারই বিচরনক্ষেত্র।

অতএব **১০০** বার পড়ুন;

'ইল্লাল্লাহ' ⇨ 'ইল্লাল্লাহ' ⇨ 'ইল্লাল্লাহ'

‘ইল্লাল্লাহ’ ⇨ ‘ইল্লাল্লাহ’ ⇨ ‘ইল্লাল্লাহ’
‘ইল্লাল্লাহ’ ⇨ ইল্লাল্লাহ’ ⇨ ‘ইল্লাল্লাহ’

اللّٰهُمَّ صَلِّ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ، كَمَا صَلَّيْتَ عَلَى إِبْرَاهِيمَ، وَعَلَى آلِ إِبْرَاهِيمَ
إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ اللّٰهُمَّ بَارِكْ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّد، كَمَا بَارَكْتَ عَلَى إِبْرَاهِيمَ
وَعَلَى آلِ إِبْرَاهِيمَ ، إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ

رہے میرا مسکن حوالی کعبہ
بنے میرا مدفن دیار مدینہ
রাহে মেরা মাছকান হাওয়ালিয়ে কা’বা
বনে মেরা মাদফান দিয়ারে মদীনা

বাংলা অর্থ ঃ মাবূদ! আমার সার্বক্ষণিক (রূহানী) অবস্থান যেন থাকে তোমার গৃহ কাবা শরীফের চারপাশে। আর আমার সমাধি যেন হয় তোমার পয়গাম্বর (মুহাম্মদ মুস্তফা স.) এর শহরে।

وہاں جلوی فرما حیات النبی ہے
رہے زائریں میں مزار مدینہ
ওহাঁ জালওয়া ফরমা হায়াতুন নবী হ্যায়
রাহে যায়েরীনে মাযারে মদীনা

বাংলা অর্থ ঃ কারণ হল, সেথায় অবস্থানরত আছেন জীবন্ত নবী সা.। মদীনার যিয়ারতকারীদের সঙ্গে যেন আমি মওতের পর থাকতে পারি।

دے مجھے عشق محمد اور محمدیوں میں گن
ہو محمد ہی محمد ورد میرا رات دن

দে মুঝে ইশকে মুহাম্মদ আউর মুহাম্মাদীউঁ মে গিন
হো মুহাম্মদ হী মুহাম্মদ বিরদ মেরা রাত ও দিন

বাংলা অর্থ ঃ আমার মনে তোমার হাবীব মুহাম্মদ মুস্তফা সা. এর ইশক ও মুহাব্বত ঢেলে দাও, যেন আমার রাত দিন মুহাম্মদ মুহাম্মদ - এর ফিকরের মধ্যেই কেটে যায়।

قال ابتر حال ابتر سب میرے ابتر ہے کام
لطف سے اپنے میرے کر ملک دیں کا انتظام

কালে আবতর হালে আবতর ছব মেরে আবতর হ্যায় কাম
লুৎফ ছে আপনে মেরে কার মুলকে দীঁ কা ইন্তিজাম

বাংলা অর্থ ঃ মাবূদ! আমার বচন বিনষ্ট, পরিস্থিতি বিনষ্ট- সকল কাজই হয়ে আছে বিনষ্ট। একমাত্র তোমারই দয়ায় আমার মহাজীবনের শুদ্ধতার ব্যবস্থা করে দাও।

حد سے ابتر ہو گیا ہے حال مجھ بدکار کا
کر میرے امداد اللہ وقت ہے امداد کا

হাদ ছে আবতর হো গেয়া হ্যায় হাল মুঝ বদকার কা
কার মেরে ইমদাদ আল্লাহ ওয়াক্ত হ্যায় ইমদাদ কা

বাংলা অর্থ ঃ মাবূদ! আমি পাপী, আমার জীবনাচার সীমাহীন ভাবে বিনষ্ট হয়ে আছে। আয় আমার আল্লাহ! আমাকে একটু সাহায্য করো, সাহায্য প্রার্থনার সময় পার করছি।

گرچہ میں غرق شقاوت ہوں سعادت سے بعید
پر توقع ہے کرے مجھ سے شقی کو تو سعید

গারচে মাঁয় গারকে শাকাওয়াত হোঁ ছাআদত ছে বায়ীদ
পুর তাওয়াক্কু হ্যায় কারে মুঝ ছে শাকী কো তু সাঈদ

বাংলা অর্থ ঃ মাবূদ! যদিও আমি ডুবে আছি বদবখতীর মধ্যে, দূরে নিক্ষিপ্ত হয়ে নেকবখতী থেকে। তবুও তুমি তো দয়াময়, আমি নিরন্তর আশায় বুক বেঁধে আছি যে, বদবখতকে তুমি পরিনত করে দিবে নেকবখতে।

گناہوں کی کشتی ڈوبادے خدایا
تو دریائے رحمت بہادے خدایا

গুনাহোঁ কী কিশতী ডুবা দে খোদায়া
তু দরিয়ায়ে রহমত বাহা দে খোদায়া

বাংলা অর্থ ঃ মাবূদ! আমার পাপরাশীর তরী দয়া করে নিমর্জিত করে দাও আর তোমার রহমতের দরিয়া তার উপর প্রবাহিত করে দাও।

الٰہی یاالٰہی یاالٰہی
گناہ آوردہ ام دربار شاہی

এলাহী ইয়া এলাহী ইয়া এলাহী
গুনাহ আওয়ারদাহআম দরবারে শাহী

বাংলা অর্থ ঃ মাবূদ! ওগো এলাহী, ওগো এলাহী, ওগো এলাহী! আমি এসেছি গুনাহের বোঝা নিয়ে তোমার (রহমতের) রাজ দরবারে।

ہمارے گناہوں سے بلرزد زمیں
ولیکن توئی ہے غفوررحیم

হামারে গুনাহোঁ ছে বলরযদ যমিন
ওলেকিন তুয়ী হ্যায় গাফূরুর রাহীম

বাংলা অর্থ ঃ মাবূদ! হ্যাঁ, আমাদের গুনাহের দুর্গন্ধে গোটা দুনিয়া থরথর করছে। কিন্তু তুমি তো (তাওবাকারী) বান্দার প্রতি ক্ষমাশীল দয়াবান।

عاجزی ام جرمہا کردہ بسے
نیست مارا غیر تو دیگر کسے

আযিজীআম জুরমহা কারদা বছে
নীস্ত মা রা গায়রে তু দীগার কাছে

বাংলা অর্থ ঃ মাবূদ! বহু গুনাহ করে এখন বিনীত বিনম্র হয়ে তাকিয়ে আছি। মাবূদ! তুমি ছাড়া আমাদের তো আর অন্য কোন অভিভাবক নেই।

کب تلک پھرتا رہوں میں دربدر
اے خدا اب تو لگا دے راہ پر

কব তলক ফেরতা রাহোঁ মাঁয় দর বদর
আয় খোদা আব তু লাগা দে রাহ পর

বাংলা অর্থ ঃ মাবূদ! আর কত কাল পথহারা হয়ে ফিরতে থাকবো দুয়ারে দুয়ারে। ওগো খোদা! এক্ষণ যুক্ত করে দাও সঠিক পথের সাথে।

کر لیا تو نے ولی بندے ہزار
ہمکو بھی اپنا بنالے کردگار

কার লিয়া তু নে ওলী বান্দে হাযার
হামকো ভী আপনা বানা লে কারদেগার

বাংলা অর্থ ঃ মাবূদ! কত হাজার বন্দাকে তুমি তোমার ওলী বানিয়ে দিয়েছো (নিজ অনুগ্রহে)। ওহে কর্মসম্পাদনকারী! আমাদেরকেও তুমি নিজের মানুষ হিসাবে গ্রহণ করে নাও।

خاک پائے دردمنداں کر مجھے

سینہ بریاں چشم گریاں کر مجھے

খাক পায়ে দরদেমান্দাঁ কার মুঝে
ছীনা বারিয়াঁ চশমে গিরয়াঁ কার মুঝে

বাংলা অর্থ ঃ মাবূদ! আমাকে তোমার পরম প্রিয় বান্দাদের সঙ্গী ও সেবাকারী বানিয়ে দাও। ব্যথিত অন্তর আর কান্নাকারী চোখের অধিকারী করে দাও।

باغ دنیا میں نہ ہوگا کوئی ہمسا بے نصیب

آئے تھے اس باغ میں اور خالی داماں لے چلے

বাগে দুনিয়া মেঁ না হোগা কোয়ী হাম ছা বে নসীব
আয়ে থে ইছ বাগ মেঁ আউর খালি দামাঁ লে চলে

বাংলা অর্থ ঃ মাবূদ! তোমার এই জগৎ বাগানে কেউ নেই আমার মত বদ নসীব। এই বাগানে আসলাম অথচ রিক্ত আঁচল নিয়ে বিদায় নিলাম।

مشرکانہ زندگی سے دل تو اب گھبرا گیا

دے رہائی شرک سے اے دستگیر بے نوا

মুশরিকানা যেন্দেগী ছে দিল তো আব ঘাবড়া গ্যায়া
দে রেহাঈ শিরক ছে আয় দস্তগীরে বে নাওয়া

বাংলা অর্থ ঃ মাবূদ! অজানা অচেনা কত শিরকযুক্ত এই জীবন নিয়ে মন এখন বড় দুশ্চিন্তায় পড়ে আছে। ওগো অসহায় মানুষের উদ্ধারকারী! আমাকে সে সব শেরক থেকে পরিত্রান দান করো।

آرزو ہے یہ کہ نکلے دم تمھارے سامنے

ہم تمہارے سامنے ہو تم ہمارے سامنے

আরযু হ্যায় ইয়ে কে নিকলে দম তুমহারে ছামনে
তুম হামারে ছামনে হো হাম তুমহারে ছামনে

বাংলা অর্থ ঃ মাবূদ! মনের বড় আবদার, শেষ নিশ্বাস যেন হয় তোমারই সম্মুখে, মওত পেতে চাই এভাবে যে, তুমি আমার সামনে বিদ্যমান আর আমি তোমার সামনে বিদ্যমান।

جس گھڑی نکلے بدن سے میرے جان

کلمئے توحید ہو ورد زبان

জিছ ঘড়ি নিকলে বদন ছে মেরে জান
কালেমায়ে তাওহীদ হো বিরদে যবান

বাংলা অর্থ ঃ মাবূদ! মনের বড় আবদার, যেই মুহূর্তে আমার প্রাণবায়ূ বের হয়ে যাবে আমার দেহ থেকে তখন যেন কালেমায়ে তাওহীদ থাকে আমার মুখের যিকির।

الھی تو راضی دو جہاں آباد

خدایا تو نراض دو جہاں برباد

এলাহী তু রাযী দো জাহাঁ আবাদ-
খোদায়া তু নারায দো জাহাঁ বরবাদ

বাংলা অর্থ ঃ মাবূদ এলাহী! তুমি আমার উপর সন্তুষ্ট তো আমার ইহজগৎ পরজগৎ সবই সফল। ওহে খোদা! তুমি অসন্তুষ্ট তো আমার সবই হয়ে গেল বরবাদ।

الھی عبدك العاصی اتاك

مقرا بالذنوب وقد دعاك

এলাহী আবদুকাল আছী আতাকা
মুকির্‌রাম বিয যুনূবি ওয়াকাদ দাআকা

বাংলা অর্থ ঃ ওগো এলাহী! তোমার এক পাপী বন্দা তোমার দুয়ারে এসেছে, সে নিজ কৃত অপরাধের লজ্জিত স্বীকারোক্তি দিয়ে তোমাকে ডাকছে।

فان تغفر فانت لذالك اهل

وان تطرد فمن يرحم سواك

ফায়িন তাগফির ফাআনতা লিযালিকা আহলুন
ওয়িন তাতরুদ ফামান ইয়ারহাম ছিওয়াকা

বাংলা অর্থ ঃ যদি তুমি তাকে ক্ষমা করে দাও তাহলে তোমার সেই সুযোগ আছে। আর যদি তুমি তাকে তাড়িয়ে দাও তাহলে বল, কে আছে তুমি ছাড়া তাকে দয়া করার মত।

الهى تبت من كل المعاصى

باخلاص رجاء للخلاصى

এলাহী তুবতু মিন কুল্লিল মাআছি
বি ইখলাছিন রাজাআন লিল খালাছী

বাংলা অর্থ ঃ ওগো এলাহী! আমি তাওবা করলাম সকল গুনাহ থেকে। পরম আন্তরিক ভাবে যেন নাজাত পেতে পারি।

اغثنى يا غياث المستغيثين

بفضلك يوم توخذ بالنواسى

আগিছনী ইয়া গিয়াছাল মুস্তাগিছীন
বি ফযলিকা ইয়াওমা তুখাযু বিন নাওয়াছী

বাংলা অর্থ ঃ আমাকে সাহায্য কর ওহে সাহায্যপ্রার্থীদের সাহায্যকারী! তোমার দয়ার উপর নির্ভর করে আছি যেদিন পাকড়াও করা হবে মস্তকের অগ্রভাগে।

من بخواب و پاسبان من توئی
من چوں طفل حرز جان من توئی
মান বখাবো পাছেবানে মান তূয়ী
মান চুঁ তিফলে হিরযে জানে মান তূয়ী

বাংলা অর্থ ঃ মাবূদ! আমি থাকি ঘুমন্ত আর তুমি কিনা (দয়া পরবেশ হয়ে) আমাকে পাহারাদারী করে যাচ্ছো। আমি থাকি শিশুর চরিত্রে আর তুমি রক্ষা করে যাও আমার জীবন।

من بعصیاں صرف وقت خود کنم
بینی واز حلم می پوشی برم
মান বইছয়াঁ ছরফে ওয়াক্তে খোদ কুনাম
বীনী ওয়া আয হিলমে মী পুশী বরাম

বাংলা অর্থ ঃ মাবূদ! আমি নিত্য গুনাহ আর নাফরমানীতে পড়ে নিজের মূল্যবান সময় নষ্ট করি। আর তুমি আমার সবকিছু দেখেও নিজ সহনশীলতার গুনে সবকিছু আড়াল করে রাখো।

روزیت را خورده عصیاں می کنم
نعمت از تو من بغیرے می تنم
রূযিয়্যাত রা খোরদা ইছয়াঁ মী কুনাম
নিয়মাত আয তূ মান বগাইরে মী তানাম

বাংলা অর্থ ঃ মাবূদ! তোমারই দেওয়া রিযক আহার করে আমি জীবন বাঁচাই। নিয়ামত দেওয়া তোমার আর আমি কিনা তাম্বুরা বাজাই অন্যের।

جملہ می بینی نہ گیری انتقام
از در حلم و کرم ائی مدام

জুমলা মী বীনী না গীরী ইন্তিকাম
আয দারে হিলমো করম আয়ী মদাম

বাংলা অর্থ ঃ মাবূদ! এই সবই তুমি দেখে আছো, অথচ কোন প্রতিশোধ নেও না। তুমি সর্বদা সহনশীলতাই প্রদর্শন করে যাচ্ছো।

بر دل من سی صد و شصت از نظر
می کنی ہر روز اے رب البشر

বর দিলে মান ছীছদো শখছাত নযর
মী কুনী হার রোয আয় রাব্বুল বাশার

বাংলা অর্থ ঃ মাবূদ! ওগো মানুষের প্রতিপালক! তুমি আমার দিলের উপর প্রতি দিন ৩৬০ বার রহমতের দৃষ্টি আরোপ করে থাকো।

لیک من غافل ز لطف بیقراں
چشم دارم ہر زماں با ایں و آں

লেকে মান গাফিল যে লুৎফে বেকারাঁ
চশমে দারম হার যমাঁ বা ইঁ ও আঁ

বাংলা অর্থ ঃ কিন্তু আমি বড় উদাসীন, তোমার সে সব অনুগ্রহ থেকে। এই সেই বাহানায় আমি কেবল পালিয়ে বেড়াই।

من گنہ آرم تو ستاری کنی

من جرم آرم تو معذاری کنی

মান গুনাহ আরাম তু ছাত্তারী কুনী
মান জুরুম আরাম তু মা'যারী কুনী

বাংলা অর্থ ঃ আমি গুনাহে লিপ্ত থাকি আর তুমি কেবল গোপন করে যাও, আমি অপরাধ করে বেড়াই আর তুমি অবকাশ দিয়ে রাখো।

میرے دل کے پردہ اٹھادے خدایا
تو اپنا تجلی دیکھادے خدایا

মেরে দিল ছে পর্দা উঠা দে খোদায়া
তু আপনা তাজাল্লী দেখা দে খোদায়া

বাংলা অর্থ ঃ মাবূদ! আমার কলবের উপর থেকে অন্ধকারের সকল আবরণ সরিয়ে দাও। তুমি দয়া করে নিজ তাজাল্লী (নূরের ছায়া) আমাকে প্রদর্শন করতে দাও।

خیال ماسوای باشد نہ مارا
زہر مو کن تجلی آشکارا

খেয়ালে মা ছেওয়া বাশাদ নমারা
যেহার মো কুন তাজাল্লী আশেকারা

বাংলা অর্থ ঃ মাবূদ! আমার চিন্তা ও খেয়ালের জগতে থেকে তুমি ছাড়া অন্য কেউ যেন না থাকে। আমার প্রতিটি পশমের গোড়া থেকে তুমি তোমার তাজাল্লী প্রতিভাত করে দাও।

زبانم رابذکر خود کشادی

دلم را ذوق یاد خویش داری

যবানাম রা বযিকরে খোদ কুশাদী
দিলাম রা যওকে ইয়াদে খেশে দারী

বাংলা অর্থ ঃ মাবূদ! আমার যবানকে তুমি তোমার যিকরের জন্য উম্মুক্ত করে দাও, আর আমার দিলকে তুমি তোমার মোরাকাবার আকর্ষণে সিক্ত করে রাখো।

اللّٰهُمَّ صَلِّ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ، كَمَا صَلَّيْتَ عَلَى إِبْرَاهِيمَ، وَعَلَى آلِ إِبْرَاهِيمَ إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ اللّٰهُمَّ بَارِكْ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّد، كَمَا بَارَكْتَ عَلَى إِبْرَاهِيمَ وَعَلَى آلِ إِبْرَاهِيمَ ، إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ

نہیں دو جہاں میں مثال محمد

جمال خدا ہے کمال محمد

নাহী দো জাহাঁ মে মেছালে মুহাম্মদ
জামালে খোদা হ্যায় কামালে মুহাম্মদ

বাংলা অর্থ ঃ দোজাহানের কোথাও নেই মুহাম্মদ সা. কোন উপমা। মুহাম্মদ সা. এর সকল যোগ্যতা বস্তুত আল্লাহ পাকেরই সৌন্দর্য।

ز مھجوری بر آمد جان عالم

ترحم یا نبی اللہ ترحم

যে মাহজূরী বরামদ জানে আলম-
তারাহ্হাম ইয়া নাবীয়াল্লাহ তারাহ্হাম

বাংলা অর্থ ঃ ওগো পিয়ারা রাসূল! ওগো সারা জাহানের প্রাণ! সীমাহীন বিরহ যন্ত্রণায় কাতর হয়ে আছি। ওগো পয়গাম্বর! আমার প্রতি দয়া করুন, আমার প্রতি দয়া করুন।

نہ آخر رحمۃ للعالمینی
ز محروماں چرا غافل نشینی

না আখির রামহাতুল লিল আলামীনী
যে মাহরুমাঁ চেরা গাফেল নাশীনী

বাংলা অর্থ ঃ আপনি তো জাহানসমূহের জন্য প্রেরিত রহমত স্বরূপ। (আমরা আপনারই গুনাহগার উম্মত) আমাদের মত জরা বঞ্চিতদের প্রতি কেন অমনোযোগী হয়ে আছেন।

برو آور سر از برد یمانی
کہ روئے تست صبح زندگانی

বরো আওর ছার আয বুরদে ইয়ামানী
কে রুয়ে তুস্তে ছুবহে যিন্দেগানী

বাংলা অর্থ ঃ ইয়ামানী চাদরখানা সরিয়ে চেহারা মুবারক একটু উম্মুক্ত করুন। কারণ আপনাকে এক নজর দেখতে পারা আমাদের জীবনের জন্য ভোরের সূর্য।

رخسار سے برقع کا ذرا پردہ اٹھادو
للہ مجھے حسن خداداد دکھادو

রোখছার ছে বোরকা' কা যারা পর্দা উঠা দো
লিল্লাহ মুঝে হুছনে খোদা দাদ দেখা দো

বাংলা অর্থ ঃ হে প্রিয় রাসূল! আবৃত চেহারা মুবারক থেকে পর্দাটুকু সামান্য উত্তোলন করুন। আল্লাহর ওয়াস্তে আমাকে আল্লাহর পরম মেহেরবানীর দৃশ্য একটু অবলোকন করতে দিন।

اے بحر کرم صدقہ حسین بن علی کا

پیاسا ہوں مجھے شربت دیدار پلا دو

আয় বাহরে করম ছাদকা হোছাইন ইবনে আলী কা

পিয়াছা হোঁ মুঝে শরবতে দীদার পিলা দো

বাংলা অর্থ ঃ হে প্রিয় রাসূল! আপনাকে এক নজর দেখার জন্য আমি বড় পিপাসার্ত। আপনার কলিজার টুকরা হোসাইন ইবনে আলী রা. এর উসীলায় আমাকে একটু দীদারের শরবত পান করতে দিন।

میں دور ہوں مجبور ہوں اے سید عالم

دیدار دکھاتے نہیں آواز سنا دو

মাঁয় দূর হোঁ মাজবূর হোঁ আয় ছায়্যিদে আলম

দীদার দেখাতে নাহী আওয়ায ছুনা দো

বাংলা অর্থ ঃ হে প্রিয় রাসূল! হে জগতের সর্দার! আমি গুনাহগার ও অক্ষম, অতিদূরে পতিত এক উম্মত। দীদার পাওয়ার যোগ্য মনে না করলে অন্তত আপনার কণ্ঠধ্বনি শুনিয়ে দিন।

دنیا کے بھی اور دیں کے بھی اپنے کرم سے

بگری ہوئی باتوں کو میرے آج بنا دو

দুনিয়া কে ভী আউর দীন কে ভী আপনে করম ছে

বিগড়ী হুয়ী বাতূঁ কো মেরে আজ বানা দো

বাংলা অর্থ ঃ হে প্রিয় রাসূল! আপনি আপন মহিমায় আমার জাগতিক ও ধর্মীয় যত ত্রুটি ও বক্রতা আছে সব আজই সংশোধন করে দিন।

کاتب سے میرے نامہ اعمال مانگا کر
جتنے عمل زشت ہیں ان سب کو مٹا دو

কাতেব ছে মেরে নামায়ে আমাল মাঙ্গা কার
যিতনে আমল যিশত হ্যায় উন ছবকো মিটা দো

বাংলা অর্থ ঃ হে প্রিয় রাসূল! কিরামান কাতেবীন থেকে আমার আমলনামা চেয়ে এনে সেখানে যত অভিযুক্ত আমল আছে সেই সবগুলি নিশ্চিহ্ন করে দিন।

جو لوگ کہ کہلاتے ہیں سگ تیرے گلی کا
ان لوگوں کے دفتر میں میرا نام لکھا دو

জু লোগ কে কাহলাতে হ্যায় ছাগ তেরে গলী কা
উন লোগোঁ কে দফতর মেঁ মেরা নাম লেখা দো

বাংলা অর্থ ঃ হে প্রিয় রাসূল! যেই মানুষগুলোকে বলা হয় আপনার গলিতে বসবাসকারী কুকুর। সেই মানুষদের তালিকায় দয়া করে আমার নামটি লিখিয়ে দিন।

آپ سلطان مدینہ مہبط وحی السکینہ
نور سے معمور سینہ مشک سے بہتر پسینہ

আপ ছুলতানে মদীনা মাহবতে ওয়াহয়িছ ছাকীনা
নূর ছে মা'মূর ছীনা মেশক ছে বেহতর পছীনা

বাংলা অর্থ ঃ হে প্রিয় রাসূল! আপনি মদীনার সম্রাট, শান্তিময় ওহীয়ে এলাহীর অবতরনস্থল। আপনার পবিত্র বক্ষ নূরে এলাহীতে মহিমান্বিত, আপনার দেহনিসৃত ঘাম মেশক আম্বরের চেয়ে বেশী সুঘ্রানযুক্ত।

لائے جو ایماں تم پر کیوں نہ دے وہ جان تم پر
مہرباں رحماں تم پر خلق سب قرباں تم پر

লায়ে জু ঈমাঁ তুম পর কেঁউ না দে ওহ জান তুম পর
মেহেরবাঁ রহমাঁ তুম পর খালক ছব কুরবাঁ তুম পর

বাংলা অর্থ ঃ হে প্রিয় রাসূল! যে বান্দা আপনার প্রতি ঈমান এনেছে, সে আপনার জন্য কিভাবে জীবন বিলিয়ে না দিয়ে থাকতে পারে! দয়াময় পরম দয়ালু আল্লাহ আপনার প্রতি সতত মেহেরবান, সমগ্র সৃষ্ট জগৎ আপনার জন্য উৎসর্গীত-প্রাণ।

تم ہو محبوب الٰہی تم پہ موزوں وصف شاہی
ماہ سے لے تا بماہی سب نے تم پر گواہی

তুম হো মাহবূবে এলাহী তুমপে মওযূন ওয়াছফে শাহী
মাহ ছে লে তা বমাহী ছব নে দী তুম পর গাওয়াহী

বাংলা অর্থ ঃ হে প্রিয় রাসূল! আপনি আল্লাহ পাকের অতি প্রিয়জন। আপনার জন্য মানায় রাজকীয় সকল উপাধি। চাঁদ থেকে নিয়ে মৎস পর্যন্ত সবাই আপনার পক্ষে দান করেছে সাক্ষ্য।

حق نے دی معراج تم کو اور بخشا تاج تم کو
دو جہاں کا راج تم کو دی سلاطیں باج تم کو

হক নে দী মি'রাজ তুমকো আউর বখশা তাজ তুমকো
দো জাহাঁ কা রাজ তুমকো দী ছালাতীঁ বাজ তুমকো

বাংলা অর্থ ঃ হে প্রিয় রাসূল! আল্লাহ আপনাকে দান করেছেন মহিমান্বিত মিরাজ এবং দিয়েছেনে রাজ মুকুট, দিয়েছেন দুই জাহানের রাজত্ব, দিয়েছেন রাজ রাজড়াদের উপর কতৃত্ব।

ہجر میں مشکل ہے جینا دل ہوا چاک اور سینہ
تھامئے میرے سفینہ یا شفیع المذنبین

হিজর মেঁ মুশকিল হ্যায় জীনা দিল হুয়া চাক আউর ছীনা
থামিয়ে মেরে সফীনা ইয়া শাফীআল মুযনাবীনা

বাংলা অর্থ ঃ হে প্রিয় রাসূল! আপনার বিরহ জ্বালা নিয়ে বেঁচে থাকা বড় কঠিন। দিল বুক সব ফেটে চৌচির হয়ে গিয়েছে। অতএব আমার ভাঙ্গা তরীর কোন কিনারা করে দিন ওগো গুনাহগারদের জন্য সুপারিশকারী।

کاش حاصل ہو حضوری دور ہو جائے یہ دوری
دل کے یہ حسرت ہو پوری دیکھ لو وہ شکل نوری

কাশ হাছিল হো হুজূরী দূর হো জায়ে ইয়ে দূরী
দিল কী হাছরত হো পূরী দেখ লো ওহ শিকলে নূরী

বাংলা অর্থ ঃ কি মজা! যদি হয়ে যেত কোন মুখোমুখিতা আর দূর হয়ে যেত সকল দূরত্বের পর্দা। যদি দেখতে নসীব হতো সেই নূরানী চেহারা মুবারক, যদি পুরন হতো মনের আক্ষেপ।

کیا کرے بے دل شکایت درد ہجراں کی حکایت
رنج و غم ہے بے نھایت کیجئے للہ عنایت

কিয়া কারে বেদিল শেকায়েত দরদ ও হিজরাঁ কী হেকায়েত
রানজ ও গম হ্যায় বে নেহায়েত কিজিয়ে লিল্লাহ ইনায়েত

বাংলা অর্থ ঃ অযোগ্য বেআমল উম্মতী আমি, আমার বঞ্চনা ও বেদনার বর্ণনা দিয়ে কি লাভ! তাই মহান আল্লাহর সমীপে সীমাহীন দুশ্চিন্তা আর অনুতাপই পেশ করে যাচ্ছি।

وجئت اليك مسكينا فقيرا

وزاد النفس آثام عظام

ওয়া জি'তু ইলাই মিছকীনান ফাকীরান-
ওয়া যাদুন নাফসি আছামুন ইযামু

বাংলা অর্থ ঃ হে প্রিয় রাসূল! আমি আপনার কাছে হাজির হইলাম (নেক আমলের ক্ষেত্রে) নিঃস্ব ও রিক্তহস্ত। এমন অবস্থা নিয়ে যে, আমার কাঁধে ঝুলে আছে অসংখ্য গুনাহের বোঝা।

وارض قد رقدت بها رقودا

يعظمها الملئكة الكرام

ওয়া আরদুন কাদ রাকদতা বিহা রুকুদান
ইউআযযিমুহাল মালাইকাতুল কিরামু

বাংলা অর্থ ঃ হে প্রিয় রাসূল! তবে আপনি মদীনার যেই মৃত্রিকাখণ্ডে বিশ্রাম গ্রহণ করছেন সেটিকে উচ্চ পদস্থ ফেরেশতাগণও সম্মান করে থাকেন।

يا صاحب الجمال ويا سيد البشر

من وجهك المنير لقد نور القمر

ইয়া ছাহিবাল জামালি ওয়া ইয়া ছায়্যিদাল বাশারি
মিন ওয়াজহিকাল মুনীরি লাকাদ নুব্বিরাল কামারু

বাংলা অর্থ ঃ ওহে মহা সৌন্দর্যের অধিকারী, ওহে মানবতার সর্দার! তোমার আলোময় চেহারার দ্বারাই বস্তুত আলোময় হয়ে উঠেছে আকাশের চাঁদ।

لا يمكن الثناء كما كان حقه

بعد از خدا بزرگ توئی قصہ مختصر

লা ইউমকিনুছ ছানাউ কামা কানা হাক্কুহু
বাদ আয খোদা বুযর্গ তূয়ী কিচ্ছা মুখতাছার

বাংলা অর্থ ঃ সম্ভব নয় কারো পক্ষে তোমার যথাযোগ্য প্রশংসার উপস্থাপন, তাই বাস এতটুকু জানি যে, মহান আল্লাহর পরে তুমিই সর্বশ্রেষ্ঠ।

فى حالت البعد روحى كنت ارسلها

يقبل الارض عنى وهى نائبتى

ফী হালাতিল বু'দি রূহী কুনতু উরছিলুহা
তুকাব্বিলুল আরদা আন্নী ওয়া হিয়া নায়েবাতী

বাংলা অর্থ ঃ হে প্রিয় রাসূল! আপনি থেকে আমার অতিদূর অবস্থান কালে আমি আমার রূহকে আপনার কাছে আমার প্রতিনিধি হিসাবে পাঠাতাম। সে আসতো আমার পক্ষ হয়ে (রওজা পাকের) মাটিতে একটি চুমু দিয়ে ফিরে যেতো।

فهذه دولت الاشباح قد حضرت

فامدد يمينك كئ تخطى بها شفتى

ওয়া হাযিহী দাওলাতুল আশবাহি কাদ হাদারাত
ফামদুদ ইয়ামীনাকা কায় তাহযা বিহা শাফাতি

বাংলা অর্থ ঃ হে প্রিয় রাসূল! এখন এটা হল আমার সুবর্ণ সুযোগ যা আমার সামনে হাজির হয়ে আছে। কাজেই আপনি আপনার দক্ষিণ হাতখানা বাড়িয়ে দিন, যেন আমার দুই ঠোট মনভরে চুমু খেতে পারে।

দুরূদে ইবরাহীম পাঠ করুন ঃ

اللّٰهُمَّ صَلِّ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ، كَمَا صَلَّيْتَ عَلَى إِبْرَاهِيمَ، وَعَلَى آلِ إِبْرَاهِيمَ
إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ اللّٰهُمَّ بَارِكْ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّد، كَمَا بَارَكْتَ عَلَى إِبْرَاهِيمَ
وَعَلَى آلِ إِبْرَاهِيمَ ، إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ

خار را گلزار کردی حضرتا
نور را انوار کردی حضرتا

খার রা গুলযার কারদি হাযরাতা
নূর রা আনওয়ার কারদি হাযরাতা

বাংলা অর্থ ঃ আমার কাঁটাদার জঙ্গলকে সুদর্শন বাগানে পরিনত করে দিলেন আমার পীর ও মুর্শিদ আমার জন্য।

دانہ را انبار کردی حضرتا
قطرہ را انہار کردی حضرتا

দানা রা আমবার কারদি হাযরাতা
কাতরা রা আনহার কারদি হাযরাতা

বাংলা অর্থ ঃ আমার তুচ্ছ একটি বীজকে মহাভাণ্ডার বানিয়ে দিলেন আমার প্রিয় হযরত আমার জন্য। আমার এক ফোটা পানিকে প্রবাহিত নদীতে পরিনত করে দিলেন আমার পীর ও মুর্শিদ আমার জন্য।

رہ نمودی صاحب اوزار را
پیروئے ابرار کردی حضرتا

রাহ নমূদী ছাহিবে আওযার রা
পায়রোয়ে আবরার কারদি হাযরাতা

বাংলা অর্থ ঃ আমি ছিলাম গুনাহে জর্জরিত। আমাকে পথ দেখালেন এবং নেক বান্দাদের অনুসরনকারী বানিয়ে দিলেন আমার পীর ও মুর্শিদ আমাকে।

ره نمودی طالب دیدار را
واصل دلدار کردی حضرتا

রাহ নমূদী তালিবে দীদার রা
ওয়াছিলে দিলদার কারদি হাযরাতা

বাংলা অর্থ ঃ আমি ছিলাম দীদার পাওয়ার জন্য পাগল। আমাকে পথ দেখালেন এবং দিলদার মানুষ পর্যন্ত পৌঁছিয়ে দিলেন আমার পীর ও মুর্শিদ আমাকে।

بر فقیر دل شکستہ بے ہنر
شفقت بسیار کردی حضرتا

বর ফকীরে দিল শিকাস্তা বেহুনর
শফকতে বেছয়ার কারদি হাযরাতা

বাংলা অর্থ ঃ আমি নাফসের হাতে পরাজিত, অযোগ্য এক কাঙ্গাল। সীমাহীন মায়া ও দরদ প্রদান করলেন আমার পীর ও মুর্শিদ আমার প্রতি।

اللّٰهُمَّ صَلِّ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ، كَمَا صَلَّيْتَ عَلَى إِبْرَاهِيمَ، وَعَلَى آلِ إِبْرَاهِيمَ إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ اللّٰهُمَّ بَارِكْ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّد، كَمَا بَارَكْتَ عَلَى إِبْرَاهِيمَ وَعَلَى آلِ إِبْرَاهِيمَ ، إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ

ছয়. শাজারা পাঠের মাধ্যমে দুআ করুন ঃ

حمد ہے سب تیرے ذات کبریا کے واسطے
اور درود ونعت ختم الانبیاء کیواسطے

হামদ হ্যায় ছব তেরে যাতে কিবরিয়া কে ওয়াস্তে
আউর দুরূদ ও নাত খাতমুল আম্বিয়া কে ওয়াস্তে

বাংলা অর্থ ঃ ওগো মাবূদ! সকল প্রশংসা তোমার মহিমান্বিত সত্তার জন্য পেশ করছি। আর দুরুদ ও সালাম পেশ করছি শেষনবী হযরত মুহাম্মদ মুস্তফা সা. এর জন্য।

اور سب اصحاب وآل مجتبی کیواسطے
رحم کر مجھ پر الٰھی اولیاء کیواسطے

আউর ছব আছহাবো আলে মুজতবা কে ওয়াস্তে
রহম কার মুঝ পর এলাহী আউলিয়া কে ওয়াস্তে

বাংলা অর্থ ঃ ওগো মাবূদ! ইজ্জত বৃদ্ধি ফরমাও সকল সাহাবা ও নবী পরিবারের সকলের জন্য। আর এলাহী তোমার এই বন্ধুদের উসীলায় আমার প্রতি খাছ রহম ও করমের ফয়সালা ফরমাও।

بالخصوص ان اولیاء باصفا کیواسطے
حضرت شاہ ضمیر الدیں ولی کیواسطے

বিল খুছুছ উন আউলিয়ায়ে বাছাফা কে ওয়াস্তে
হযরতে শাহে যমীরুদ্দী ওলী কে ওয়াস্তে

বাংলা অর্থ ঃ ওগো মাবূদ! আমার প্রতি খাছ রহম ও করমের ফয়সালা ফরমাও বিশেষতঃ সে সব পরিচ্ছন্ন আত্মার অধিকারী বুযর্গদের উসীলায় এবং হযরত শাহ যমীরুদ্দীন নানুপুরী রহ. এর উসীলায়।

حضرت عبد الحفیظ مکی ولی کیواسطے

حضرت شاہ سلیمان ولی کیواسطے

হযরতে আবদুল হাফীয মক্কী ওলী কে ওয়াস্তে
হযরতে শাহে ছুলাইমানে ওলী কে ওয়াস্তে

বাংলা অর্থ ঃ ওগো মাবূদ! আমার প্রতি খাছ রহম ও করমের ফয়সালা ফরমাও তোমার ওলী হযরত শাহ আবদুল হাফীয মাক্কী রহ. ও হযরত শাহ সুলাইমান কামরাঙ্গীর চর রহ. এর উসীলায়।

حضرت شیخ زکریا ولی کیواسطے

حضرت شاہ احمد شفیع کیواسطے

হযরতে শায়খে যাকারিয়্যা ওলী কে ওয়াস্তে
হযরতে শাহে আহমদ শফী কে ওয়াস্তে

বাংলা অর্থ ঃ ওগো মাবূদ! আমার প্রতি খাছ রহম ও করমের ফয়সালা ফরমাও তোমার ওলী হযরত শায়খ যাকারিয়্যা রহ. ও হযরত শায়খুল ইসলাম শাহ আহমদ শফী রহ. এর উসীলায়।

شاہ امداد کبیر اتقیاء کیواسطے

شاہ معین الدین حبیب کبریاء کیواسطے

শাহে ইমদাদে কাবীরে আতকিয়া কে ওয়াস্তে
শাহ মুঈনুদ্দী হাবীবে কিবরিয়া কে ওয়াস্তে

বাংলা অর্থ ঃ ওগো মাবূদ! আমার প্রতি খাছ রহম ও করমের ফয়সালা ফরমাও তোমার ওলী হযরত সায়্যিদুত তায়িফা হাজী ইমদাদুল্লাহ ফারূকী মুহাজিরে মক্কী রহ. ও খাজা গরীবে নওয়াজ খাজায়ে খাজেগান হাবীবে কিবরিয়া শাহ মুঈনুদ্দীন চিশতী আজমেরী রহ. এর উসীলায়।

شاہ حسن بصری امام اولیاء کیواسطے

ہادی عالم علی شیر خدا کیواسطے

শাহ হাছান বছরী ইমামে আউলিয়া কে ওয়াস্তে
হাদিয়ে আলম আলী শেরে খোদা কে ওয়াস্তে

বাংলা অর্থ ঃ ওগো মাবূদ! আমার প্রতি খাছ রহম ও করমের ফয়সালা ফরমাও তোমার ওলী সকল আউলিয়ার সর্দার হযরত হাসান বসরী রহ. ও গোটা জাহানের পথ প্রদর্শক সাহাবীয়ে রাসূল হযরত আলী কাররামাল্লাহু ওয়াহাহূ এর উসীলায়।

سرور عالم محمد مصطفے کیواسطے

یاالٰھی اپنے ذات کبریاء کیواسطے

ছারওয়ারে আলম মুহাম্মাদ মুস্তাফা কে ওয়াস্তে
ইয়া এলাহী আপনে যাতে কিবরিয়া কে ওয়াস্তে

বাংলা অর্থ ঃ ওগো মাবূদ! আমার প্রতি খাছ রহম ও করমের ফয়সালা ফরমাও তোমার প্রিয় হাবীব সরওয়ারে আলম আকায়ে দোজাহান হযরত মুহাম্মদ মুস্তফা সা. এর উসীলায়। ওগো এলাহী! স্বয়ং তোমার মহিমান্বিত পবিত্র স্বত্তা ও গুণাবলীর উসীলায়।

کر رہائی کا سبب اس مبتلی کیواسطے

کون ہے تیرے سوا مجھ بے نوا کیواسطے

কার রাহায়ী কা ছবাব ইছ মুবতালা কে ওয়াস্তে

কোন হ্যায় তেরে ছিওয়া মুঝ বে নাওয়া কে ওয়াস্তে

বাংলা অর্থ ঃ ওগো মাবূদ! আমার প্রতি খাছ রহম ও করমের ফয়সালা ফরমাও, আমি পাপ পংকিলাতায় ডুবে আছি আমাকে উদ্ধার প্রাপ্তির ব্যবস্থা করে দাও। বলো, তুমি ছাড়া কে আছে আমার মত এমন অভিভাবকহীন মানুষের জন্য।

ہے عبادت کا سہارا عابدوں کیواسطے

ہے عصائے آہ مجھ بے دست با کیواسطے

হ্যায় ইবাদত কা ছাহারা আবিদুঁ কে ওয়াস্তে
হ্যায় আছায়ে আহ মুঝ বে দস্তো পা কে ওয়াস্তে

বাংলা অর্থ ঃ ওগো মাবূদ! যারা তোমার পর্যাপ্ত ইবাদত বন্দেগীতে মশগুল তাদের জন্য তো সেই ইবাদতের একটা ভরসা আছে। কিন্তু আমি যে হস্তপদ বিহীন বান্দা আমার তো পরিতাপের লাঠি ছাড়া কিছুই নেই।

مجھے حب ہو یاران نبی کا

الٰھی مجھے حب مصطفی دے

মুঝে হোব্ব হো ইয়ারানে নাবী কা
এলাহী মুঝে হোব্বে মুস্তাফা দে

বাংলা অর্থ ঃ ওগো মাবূদ! পয়গাম্বরের উচ্চতর দুই বন্ধুর মত আমাকে মুহাব্বত দান করো। আমার ভিতর মুহাম্মাদ মুস্তাফা সা. এর সীমাহীন প্রেম ও ভালবাসা দিয়ে দাও।

ابو بکر و عمر و عثماں کا صدقہ

مجھے حب علی مرتضی دے

আবূ বাকরো উমর উসমাঁ কা ছাদকা
মুঝে হোব্বে আলীয়ে মুরতুযা দে

বাংলা অর্থ ঃ ওগো মাবূদ! আমাকে কবূল ফরমাও হযরত আবূ বকর সিদ্দীক রা. হযরত উমর ফারূক রা. হযরত উসমান ইবনে আফফান রা. এর উসীলায়। মাবূদ! আমাকে হযরত আলী মুরতাজা রা. এর প্রতি ভালবাসা দান ফরমাও।

قاسمی فیض کا دریا بہا دے
اس سے سیراب کر ہم کو خدایا

কাছেমী ফয়েয কা দরিয়া বাহা দে
উছ ছে ছাইরাবে কার হামকো খোদায়া

বাংলা অর্থ ঃ ওগো মাবূদ! আমার উপর হুজ্জাতুল ইসলাম কাসিমুল উলূমি ওয়াল খাইরাত কাসিম নানুতবী রহ. এর রূহানী ফয়েয প্রবাহিত করে দাও। সেই স্রোত থেকে আমাকে পরিতৃপ্ত বানিয়ে দাও আমার প্রভু।

اشرفی فیض کی بارش ہو نازل
اس سے مست بنا ہم کو خدایا

আশরাফী ফয়েয কী বারিশ হো নাযিল
উছ ছে মাস্তো বানা হামকো খোদায়া

বাংলা অর্থ ঃ ওগো মাবূদ! আমার উপর যেন হাকীমুল উম্মাৎ শাহ আশরাফ আলী থানবী রহ. এর আধ্যাত্মিকতার বারিধারা পতিত হয়। আর সেই বারিধারার মধ্যে আমাকে মস্ত ও মশগুল বানিয়ে দাও আমার প্রভু।

حسینی فیض کی بارش ہو ہر دم

اس سے سرشاد کر ہم کو خدایا

হোছাইনী ফয়েয কী বারিশ হো হারদম
উছ ছে ছারশাদে কর হামকো খোদায়া

বাংলা অর্থ ঃ ওগো মাবূদ! আমার উপর যেন শায়খুল আরব ওয়াল আজম হযরত হোসাইন আহমদ মদনী রহ. এর রূহানিয়্যাতের বৃষ্টি সর্বদা পতিত হয়। সেই ফয়েয দিয়ে আমাকে প্রফুল্ল বানিয়ে দাও আমার প্রভু।

مجھے عرفاں بجاہ شیخ عالم

سلطان احمد ولے باصفا دے

মুঝে ইরফাঁ বজাহে শায়খে আলম
ছুলতান আহমদ ওলীয়ে বা ছাফা দে

বাংলা অর্থ ঃ ওগো মাবূদ! আমাকে ইরফান তথা অর্ন্তজ্ঞান দান ফরমাও; তোমার পরিচ্ছন্নতা প্রাপ্ত ওলী হযরত শাহ সুলতান আহমদ নানুপুরীর উসীলায়।

مجھے عرفاں بجاہ قطب عالم

عزیز الحق امام بارضا دے

মুঝে ইরফাঁ বজাহে কুতবে আলম
আযীযুল হক ইমামে বা ছাফা দে

বাংলা অর্থ ঃ ওগো মাবূদ! আমাকে ইরফান তথা অর্ন্তজ্ঞান দান ফরমাও; তোমার পরিচ্ছন্নতা প্রাপ্ত ইমাম হযরত শাহ আযীযুল হক পটিয়া রহ. এর উসীলায়।

ماہ خوم خانئے شیخ المشائخ

رشید احمد مہ رشد وہدی دے

মাহে খোম খানায়ে শায়খুল মাশায়েখ
রাশীদ আহমদ মাহে রুশদো হুদা দে

বাংলা অর্থ ঃ ওগো মাবূদ! আমাকে ইরফান তথা অর্ন্তজ্ঞান দান ফরমাও; শায়খুল মাশায়েখ ইমামে রাব্বানী কুতবুল ইরশাদ হযরত রশীদ আহমদ গাঙ্গূহী যিনি রুশদ ও হিদায়েতের আলোকবর্তিকা -তাঁর উসীলায়।

بحق حـاجی امداد اللہ

الٰہی مجھے امداد وعطـا دے

বহক্কে হাজীয়ে ইমদাদে উল্লাহ
এলাহী মুঝে ইমদাদ ও আতা দে

বাংলা অর্থ ঃ ওগো মাবূদ! আমাকে ইরফান তথা অর্ন্তজ্ঞান দান ফরমাও; আমাকে তোমার খাস সাহায্য ও নুসরত দান করো সায়্যিদুত তায়িফা আমীরুল মুজাহিদীন হযরত হাজী ইমদাদুল্লাহ ফারূকী মুহাজিরে মক্কী রহ. এর উসীলায়।